দেশে জনপ্রতি বার্ষিক স্বাস্থ্য ব্যয় মাত্র এক হাজার ৭০ টাকা হওয়ায় এবং ব্যবস্থাপনা ও নীতিগত দুর্বলতার কারণে প্রায় ৪৯ শতাংশ মানুষ মানসম্মত স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত হচ্ছে। অথচ দেশের স্বাস্থ্য খাতের বাজার বর্তমানে ১৪ বিলিয়ন বা এক হাজার ৪০০ কোটি ডলারে দাঁড়িয়েছে, যা ২০৩৩ সালে দুই হাজার ৩০০ (২৩ বিলিয়ন) কোটি ডলারে উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে। দেশের স্বাস্থ্যসেবা খাত নিয়ে আয়োজিত এক সেমিনারে বক্তারা এসব তথ্য জানিয়েছেন। দেশীয় স্বাস্থ্যসেবায় আস্থা ফিরিয়ে আনতে কাঠামোগত সংস্কার, মান নিয়ন্ত্রণে কার্যকর কৌশলগত কাঠামো এবং সরকারি-বেসরকারি খাতের সমন্বয় জোরদারের ওপর গুরুত্বারোপ করেছেন তাঁরা।

গতকাল শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘বাংলাদেশের স্বাস্থ্যসেবা খাতে আস্থা বৃদ্ধি, মান নিয়ন্ত্রণে কৌশলগত কাঠামো নিশ্চিতকরণ’ শীর্ষক সেমিনারে এসব কথা বলা হয়।

রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বারের সম্মেলনকক্ষে অনুষ্ঠিত এ সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি জাতীয় অধ্যাপক ডা. এ কে আজাদ খান। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপনকালে মালিক তালহা ইসমাইল বারী বলেন, ‘স্বল্প বাজেট বরাদ্দ, অদক্ষ ব্যবস্থাপনা, শহর ও গ্রামের মধ্যে স্বাস্থ্যসেবার বৈষম্য, দক্ষ স্বাস্থ্যকর্মীর সংকট, ক্রমবর্ধমান চিকিৎসা ব্যয়, অবকাঠামোর ঘাটতি এবং দুর্বল নিয়ন্ত্রণব্যবস্থা দেশের স্বাস্থ্য খাতের বড় প্রতিবন্ধকতা। উন্নত চিকিৎসার আশায় প্রতিবছর প্রায় ৫০০ কোটি (পাঁচ বিলিয়ন) মার্কিন ডলার বিদেশে ব্যয় হচ্ছে, যা দেশীয় অর্থনীতির জন্য উদ্বেগজনক।’

তিনি বলেন, ‘বিদ্যমান পরিস্থিতির উন্নয়নে দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণ, ঋণ সহায়তার প্রক্রিয়া সহজীকরণ, অবকাঠামো উন্নয়ন, আধুনিক প্রযুক্তির ব্যবহার, মানবসম্পদের দক্ষতা বৃদ্ধি এবং নীতিমালার যুগোপযোগীকরণ জরুরি। একই সঙ্গে লাইসেন্স প্রদান ও নবায়নের ক্ষেত্রে ওয়ান স্টপ সেবা চালুর দাবি জানান তিনি। প্রধান অতিথির বক্তব্যে জাতীয় অধ্যাপক ডা. এ কে আজাদ খান বলেন, দেশের স্বাস্থ্য খাতে কিছু অর্জন থাকলেও কাজীকৃত মান এখনো নিশ্চিত করা যায়নি। উন্নত ও পার্শ্ববর্তী দেশগুলোর তুলনায় বাংলাদেশ পিছিয়ে রয়েছে উল্লেখ করে তিনি বলেন, ‘পূর্ণাঙ্গ ইউনিভার্সেল হেলথকেয়ার নিশ্চিত করা সম্ভব না হলেও প্রাথমিক স্বাস্থ্যসেবার ওপর অধিক গুরুত্ব দিতে হবে।’

তিনি স্বাস্থ্য খাতে ব্যবস্থাপনার উন্নয়ন ও বিকেন্দ্রীকরণের ওপর জোর দিয়ে বলেন, ‘ডিজিটাল হেলথকেয়ার সম্প্রসারণের মাধ্যমে গ্রামীণ পর্যায়ে স্বাস্থ্যসেবা আরো বিস্তৃত

- জনপ্রতি স্বাস্থ্যসেবায় সরকারি ব্যয় ১,০৭০ টাকা
- স্বাস্থ্য খাতের বাজার প্রায় ১৪০০ কোটি ডলারের
- ২০৩৩ সালে ২৩০০ কোটি ডলারে উন্নীত হওয়ার সম্ভাবনা

মোট স্বাস্থ্য ব্যয়ের  
**৭৪%**  
জনগণকে নিজস্ব  
অর্থে বহন  
করতে হয়

- ডিজিটাল হেলথকেয়ার ও বিকেন্দ্রীকরণ গ্রামীণ স্বাস্থ্যসেবা সম্প্রসারণে সহায়ক
- দেশি-বিদেশি বিনিয়োগ আকর্ষণ ও ঋণ সহায়তার প্রক্রিয়া সহজীকরণ জরুরি

নিম্ন ও মধ্যবিত্তের আর্থিক ঝুঁকি  
বাড়াচ্ছে বিপুল স্বাস্থ্য ব্যয়

মানসম্মত স্বাস্থ্যসেবা  
থেকে বঞ্চিত  
**৪৯%**



করা সম্ভব। পাশাপাশি চিকিৎসা শিক্ষাক্রম আধুনিকায়ন ও গবেষণার অনুকূল পরিবেশ নিশ্চিত করার আহ্বান জানান তিনি। স্বাগত বক্তব্যে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদ বলেন, ‘দেশে মানসম্মত ও রোগীবান্ধব স্বাস্থ্যসেবা নিশ্চিতে এখনো বড় ধরনের কাঠামোগত ঘাটতি রয়ে গেছে। সরকারি-বেসরকারি খাতে সেবার মানের অসমতা, প্রশিক্ষিত মানবসম্পদের অভাব, অনুমোদনহীন ক্লিনিক ও ফার্মেসির বিস্তার, ভুল ডায়াগনস্টিক রিপোর্ট, ভুয়া ওষুধ এবং দুর্বল তদারকি জনস্বাস্থ্য নিরাপত্তা ও আস্থাকে ক্ষতিগ্রস্ত করেছে।’ তিনি বলেন, ‘কার্যকর স্বাস্থ্য বীমাব্যবস্থা না থাকায় মোট স্বাস্থ্য ব্যয়ের প্রায় ৭৪ শতাংশ জনগণকে নিজস্ব অর্থে বহন করতে হয়, যা নিম্ন ও মধ্য আয়ের মানুষের জন্য বড় আর্থিক ঝুঁকি তৈরি করেছে।’ টেকসই স্বাস্থ্যব্যবস্থা নিশ্চিত করতে বিদেশি বিনিয়োগ, সরকারি-বেসরকারি অংশীদারি (পিপিপি), আধুনিক চিকিৎসা প্রযুক্তি

এবং দক্ষ মানবসম্পদ উন্নয়নের ওপর জোর দেন তিনি। মুক্ত আলোচনায় গ্রিন লাইফ সেন্টারের চিফ কনসালট্যান্ট অধ্যাপক সৈয়দ আতিকুল হক বলেন, ‘দেশের অধিকাংশ মানুষ সরকারি হাসপাতালে চিকিৎসা নেয়, তাই সরকারি হাসপাতালের মানোন্নয়নের কোনো বিকল্প নেই। সর্বস্তরে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করতে হবে।’ ইউনিভার্সেল মেডিক্যাল কলেজ ও হাসপাতালের চেয়ারম্যান প্রীতি চক্রবর্তী বলেন, ‘দেশের স্বাস্থ্য খাতের বাজার দ্রুত সম্প্রসারিত হচ্ছে। আস্থা ফিরিয়ে আনতে সরকারি-বেসরকারি খাত ও জনগণকে একযোগে কাজ করতে হবে এবং পিপিপি মডেলের ব্যবহার বাড়ানো যেতে পারে।’ ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ডা. শাফিউন নাহিন শিমুল বলেন, ‘রোগী ও সেবাদানকারীদের মধ্যে যোগাযোগ বাড়ানো এবং প্রাথমিক

স্বাস্থ্যসেবার ওপর গুরুত্বারোপ করলে স্বাস্থ্য খাতে আস্থা বাড়বে।’ বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজের সেক্রেটারি জেনারেল ডা. মো. জাকির হোসেন বলেন, ‘৯৭ শতাংশ ওষুধ দেশে উৎপাদিত হলেও ২০১১ সালের স্বাস্থ্যনীতি এখনো হালনাগাদ হয়নি। দীর্ঘমেয়াদি টেকসই স্বাস্থ্যনীতি ও অর্থায়ন কৌশল প্রণয়ন জরুরি।’ আইসিডিডিআরবির সিনিয়র সায়েন্টিস্ট ডা. মো. মোস্তাফিজুর রহমান বলেন, ‘প্রতিবছর প্রায় তিন লাখ ডায়রিয়া রোগী আইসিডিডিআরবি থেকে সেবা নেয় এবং এ মডেল অন্যান্য স্থানে অনুসরণ করা যেতে পারে।’ তিনি ডেপুটি ডায়ালিস গবেষণায় অগ্রগতির কথাও জানান। অনুষ্ঠানে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও), ইউনিসেফ, সেভ দ্য চিলড্রেনসহ বিভিন্ন প্রতিষ্ঠানের প্রতিনিধি, বিশেষজ্ঞ, শিক্ষাবিদ এবং ডিসিসিআই পরিচালনা পর্ষদের সদস্যরা উপস্থিত ছিলেন।

# যুগান্তর

রবিবার, ১৪ ডিসেম্বর, ২০২৫

## ডিসিসিআইয়ের সেমিনারে বক্তারা স্বাস্থ্যসেবায় আস্থা বাড়াতে সংস্কার দরকার

### যুগান্তর প্রতিবেদন

দেশের স্বাস্থ্য খাতে জিডিপি'র মাত্র ১ শতাংশ বরাদ্দ দেওয়া হয়। অপ্রতুল অবকাঠামো ও নতুন প্রযুক্তি ব্যবহারে পিছিয়ে থাকা, দক্ষ মানবসম্পদের ঘাটতি, সেবা প্রাপ্তিতে উচ্চ ব্যয়, ব্যবস্থাপনার ঘাটতি, বিদ্যমান নীতিমালার তদারকির অভাব প্রকট। এ কারণে দেশের স্বাস্থ্য খাতে কাঙ্ক্ষিত উন্নয়ন হয়নি। স্বাস্থ্যসেবায় আস্থা বাড়াতে সংস্কার ও কার্যকর প্রয়োগ দরকার। খাতটির সামগ্রিক উন্নয়নে সরকারি-বেসরকারি খাতের সমন্বয় বাড়ানোর পাশাপাশি জনগণের সম্পৃক্ততা বৃদ্ধির ওপর জোর দিতে হবে। শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'বাংলাদেশের স্বাস্থ্যসেবা খাতে আস্থা বৃদ্ধি: মান নিয়ন্ত্রণে কৌশলগত কাঠামো নিশ্চিতকরণ' শীর্ষক সেমিনারে বক্তারা এসব কথা বলেন। সেমিনারে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি জাতীয় অধ্যাপক এ কে আজাদ খান। সেমিনারে স্বাগত বক্তৃতা করেন ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ। সভাপতির বক্তৃতা করেন ডা. এ কে আজাদ খান। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনাইটেড হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ও ঢাকা চেম্বারের প্রাক্তন উর্ধ্বতন সহ-সভাপতি মালিক তালহা ইসমাইল বারী। অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় গ্রীন লাইফ সেন্টারের চিফ কন্সালটেন্ট অধ্যাপক সৈয়দ আতিকুল হক, নর্থ সাউথ ইউনিভার্সিটির স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সেসের ডিন অধ্যাপক ডা. দীপক কুমার মিত্র, ইউনিভার্সেল মেডিকেল কলেজ ও হাসপাতালের চেয়ারম্যান প্রীতি চক্রবর্তী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ডা. শাফিউন নাহিন শিমুল, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজের সেক্রেটারি জেনারেল ডা. মো. জাকির হোসেন, আইসিডিডিআর,বি'র সংক্রামক রোগ বিভাগের সিনিয়র সায়েন্টিস্ট ডা. মো. মোস্তাফিজুর রহমান, সেভ দ্য চিলড্রেন ইন্টারন্যাশনাল, বাংলাদেশ-এর ম্যানেজার (পলিসি অ্যাডভোকেসি) ডা. মুশারাত জাহান, ইউনিসেফ বাংলাদেশ-এর হেলথ সিস্টেমস স্পেশালিস্ট ডা. ফিদা মেহরান প্রমুখ অংশগ্রহণ করেন।

মুক্ত আলোচনায় ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি হায়দার আহমদ খান, এফসিএ, সাবেক পরিচালক মোহাম্মদ সারফুদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. বিল্লাল হোসেন ও মেগাহেলথ কোয়ার্টারের স্বত্বাধিকারী ইশতিয়াক আহমেদ বক্তৃতা করেন।

তাসকীন আহমেদ বলেন, দেশে মানসম্মত ও রোগীবান্ধব সেবা নিশ্চিতে এখনো কাঠামোগত ঘাটতি রয়েছে। ডা. এ কে আজাদ খান বলেন, আমাদের স্বাস্থ্যসেবায় বেশ অর্জন রয়েছে, তবে সামগ্রিকভাবে কাঙ্ক্ষিত মান নিশ্চিতের করা যায়নি, এক্ষেত্রে সরকারকে এগিয়ে আসতে হবে। দেশের স্বাস্থ্যসেবার মান উন্নতন দেশগুলোর মতো নয়, এমনকি পার্শ্ববর্তী দেশগুলোর চেয়ে আমরা পিছিয়ে রয়েছি।

রবিবার, ১৪ ডিসেম্বর ২০২৫

Saturday, 13 December 2025



## স্বাস্থ্য খাতে কাঠামোগত সংস্কার ও কার্যকর প্রয়োগের বিকল্প নেই

অর্থনৈতিক রিপোর্টার ॥ অপ্রতুল বরাদ্দ, পর্যাপ্ত অবকাঠামোর অভাব, দক্ষ মানবসম্পদ সংকট, উচ্চ ব্যয় ও ব্যবস্থাপনা ঘাটতিসহ নীতিমালা তদারকির অভাবে দেশের স্বাস্থ্য খাতে কাঙ্ক্ষিত উন্নয়ন সম্ভব হয়নি। তাই এই খাতের উন্নয়নে সরকারি-বেসরকারি সমন্বয়ের পাশাপাশি জনসম্পৃক্ততা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করেছেন ব্যবসায়ী ও সুশীল সমাজ। শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘বাংলাদেশের স্বাস্থ্য সেবা খাতে আস্থা বৃদ্ধি; মান নিয়ন্ত্রণে কৌশলগত কাঠামো নিশ্চিতকরণ’ শীর্ষক সেমিনারে তারা এমনটা বলেন। ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ডায়াবেটিক সমিতি সভাপতি জাতীয় অধ্যাপক এ কে আজাদ খান। অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি বলেন, স্বাস্থ্য খাতে সরকারের বরাদ্দ জিডিপি মাত্র ১ শতাংশ। নতুন প্রযুক্তি ব্যবহারে এই খাত এখনো পিছিয়ে। দেশে মানসম্মত ও রোগীবান্ধব সেবা নিশ্চিত করে কাঠামোগত ঘাটতি রয়ে গেছে। এছাড়াও সরকারি-বেসরকারি খাতে স্বাস্থ্য সেবা মানের অসমতা, প্রশিক্ষিত মানবসম্পদের ঘাটতি, অনুমোদনহীন ক্লিনিক ও ফার্মেসির সম্প্রসারণ, ভুল ডায়াগনস্টিক রিপোর্ট, ভুয়া ওষুধ ও তদারকি দুর্বলতা, আধুনিক প্রযুক্তি ব্যবহারে সীমাবদ্ধতা এবং সর্বোপরি বিদ্যমান আইনে বাস্তবায়নে উদাসীনতা আমাদের জনস্বাস্থ্য নিরাপত্তা এবং আস্থাকে ক্রমাগত ক্ষতিগ্রস্ত করছে।

তিনি উল্লেখ করেন, বাংলাদেশে স্বাস্থ্য বিমা ব্যবস্থাপনার কার্যকর ব্যবহার না থাকার কারণে মোট স্বাস্থ্য ব্যয়ের প্রায় ৭৪ শতাংশ ব্যক্তিকে নিজস্ব ব্যয়ে বহন করতে হয়, যা নিম্ন ও মধ্য আয়ের জনগোষ্ঠীর জন্য আর্থিকভাবে বড় ঝুঁকি তৈরি করে। এমতাবস্থায় দেশে একটি টেকসই স্বাস্থ্য ব্যবস্থা নিশ্চিতের লক্ষ্যে সামগ্রিক এ খাতে বিদেশি বিনিয়োগ, সরকারি-বেসরকারি অংশীদারিত্ব জোরদার, আধুনিক চিকিৎসা প্রযুক্তি, নার্সিং, ল্যাব সায়েন্স ও স্বাস্থ্য ব্যবস্থাপনায় দক্ষ জনবল উন্নয়ন, সঠিক নীতিমালা বাস্তবায়ন এবং দক্ষ ব্যবস্থাপনার সমন্বিত প্রয়োগ অপরিহার্য। পাশাপাশি বাংলাদেশের সকল স্তরের মানুষের স্বাস্থ্যবান্ধব পরিবেশ নিশ্চিত করে একটি শক্তিশালী হেলথ রেগুলেটরি ফ্রেমওয়ার্ক গড়ে তোলার ওপর জোরারোপ করেন ডিসিসিআই সভাপতি। প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ ডায়াবেটিক সমিতি সভাপতি এ কে আজাদ খান বলেন, আমাদের স্বাস্থ্য সেবায় বেশ অর্জন রয়েছে, তবে সামগ্রিকভাবে কাঙ্ক্ষিত মান নিশ্চিত করা যায়নি, এক্ষেত্রে সরকারকে এগিয়ে আসতে হবে। তিনি জানান, দেশের স্বাস্থ্য সেবার মান উন্নত দেশগুলোর মত নয়, এমনকি পার্শ্ববর্তী দেশগুলোর চেয়ে আমরা পিছিয়ে রয়েছি। তিনি উল্লেখ করেন, বাংলাদেশের পক্ষে ইউনিভার্সেল স্বাস্থ্য সেবা নিশ্চিত করা সম্ভব নয়, তবে আমাদেরকে প্রাইমারি হেলথ কেয়ারের ওপর বেশি হারে জোর দিতে হবে। এ খাতের ব্যবস্থাপনায় উন্নয়নের পাশাপাশি বিকেন্দ্রীকরণের কোনো বিকল্প নেই বলে তিনি অভিমত জ্ঞাপন করেন। তিনি আরও বলেন, ডিজিটাল হেলথ কেয়ার কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গ্রামীণ পর্যায় স্বাস্থ্য সেবার সম্প্রসারণ করা সম্ভব। সেই চিকিৎসা শিক্ষাক্রম আধুনিকায়নের পাশাপাশি এ খাতে গবেষণা কার্যক্রম বাড়ানোর জন্য প্রয়োজনীয় পরিবেশ নিশ্চিত করার ওপর তিনি জোরারোপ করেন। সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনাইটেড হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ও ঢাকা চেম্বারের প্রাক্তন উর্ধ্বতন

সহ-সভাপতি মালিক তালহা ইসমাইল বারী। তিনি বলেন, স্বাস্থ্য খাতে বাংলাদেশ সরকারের জনপ্রতি বাৎসরিক ব্যয় ১০৭০ টাকা এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য মতে প্রায় ৪৯ শতাংশ জনগণ গুণগত স্বাস্থ্য সেবা হতে বঞ্চিত, যদিও বর্তমানে এ খাতের মোট বাজার প্রায় ১৪ বিলিয়ন মার্কিন ডলার এবং ২০৩৩ সালে তা ২৩ বিলিয়নে উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে। স্বল্প বাজেট বরাদ্দ ও অদক্ষ ব্যবস্থাপনা, শহর-গ্রামে স্বাস্থ্যসেবার বৈষম্য, সেবার মান ও আস্থার ঘাটতি, দক্ষ স্বাস্থ্যকর্মীর সংকট, ক্রমবর্ধমান স্বাস্থ্যসেবা ব্যয়, অপ্রতুল অবকাঠামো এবং নিয়ন্ত্রক ব্যবস্থার দুর্বলতা এ খাতের অন্যতম প্রতিবন্ধকতা হিসেবে তিনি মতপ্রকাশ করেন। তুলনামূলকভাবে ভালো স্বাস্থ্য সেবা প্রাপ্তির লক্ষ্যে জনগণের একটি বড় অংশ অন্যান্য দেশে চিকিৎসা নিচ্ছে এবং এ বাবদ প্রতিবছর প্রায় ৫ বিলিয়ন মার্কিন ডলার বাইরে চলে যাচ্ছে। বিদ্যমান অবস্থার উন্নয়নে এ খাতে স্থানীয় ও বিদেশি বিনিয়োগ আকর্ষণ ও ঋণ সহায়তা প্রাপ্তির প্রক্রিয়া সহজীকরণ, অবকাঠামো উন্নয়ন ও আধুনিক প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ, মানবসম্পদের দক্ষতা উন্নয়ন এবং বিদ্যমান নীতিমালার যুগোপযোগীকরণের ওপর তিনি জোরারোপ করেন। এছাড়াও তিনি বিদেশি দক্ষ টেকনিশিয়ান, নার্স এনে দেশীয় মানবসম্পদ

উন্নয়নে বিদ্যমান নীতিতে প্রতিবন্ধকতা নিরসনের পাশাপাশি এ খাতে লাইসেন্স প্রদান ও নবায়নের ক্ষেত্রে ওয়ান-স্টপ সেবা

### ডিসিসিআই আয়োজিত সেমিনারে বক্তারা

প্রবর্তনের আহ্বান জানান। অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় গ্রিন লাইফ সেন্টারের চিফ কনসালটেন্ট অধ্যাপক সৈয়দ আতিকুল হক, নর্থ সাউথ ইউনিভার্সিটির স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সেসের ডিন অধ্যাপক ডা. দীপক কুমার মিত্র, ইউনিভার্সেল মেডিক্যাল কলেজ ও হাসপাতালের চেয়ারম্যান প্রীতি চক্রবর্তী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ডা. শাফিউন নাহিন শিমুল, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজের সেক্রেটারি জেনারেল ডা. মো. জাকির হোসেন, আইসিডিডিআরবির সংক্রামক রোগ বিভাগের সিনিয়র সায়েন্টিস্ট ডা. মো. মোস্তাফিজুর রহমান, সেভ দ্য চিলড্রেন ইন্টারন্যাশনাল, বাংলাদেশের ম্যানেজার (পলিসি অ্যাডভোকেসি) ডা. মুশারাত জাহান, ইউনিসেফ বাংলাদেশের হেলথ সিস্টেমস স্পেশালিস্ট ডা. ফিদা মেহরান এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও), বাংলাদেশের ন্যাশনাল প্রফেশনাল অফিসার (রোগী নিরাপত্তা ও রক্ত নিরাপত্তা) ডা. মুরাদ সুলতান অংশগ্রহণ করেন।

গ্রিন লাইফ সেন্টার চিফ কনসালটেন্ট অধ্যাপক সৈয়দ আতিকুল হক বলেন, যেহেতু দেশের বেশিরভাগ লোকই সরকারি খাতের হাসপাতালে চিকিৎসা সেবা নিয়ে থাকে, তাই সরকারি হাসপাতালগুলোতে সর্বোত্তম মান উন্নয়ন ও নিশ্চিতের কোনো বিকল্প নেই। এ খাতের সকল স্তরের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করেন। প্রীতি চক্রবর্তী বলেন, দেশীয় স্বাস্থ্য খাতের বাজার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে এবং এ খাতের আস্থা ফিরাতে সরকারি-বেসরকারিখাত ও জনগণকে একযোগে কাজ করতে হবে, পাশাপাশি এ খাতে পিপিপি মডেলের ব্যবহার করার সুযোগ রয়েছে। তিনি জানান, আমাদের চিকিৎসা শিক্ষায় অংশ নেওয়া বিদেশি শিক্ষার্থীরা প্রতিবছর ২ হাজার কোটি টাকা ব্যয় করেন, যদিও কাঙ্ক্ষিত চিকিৎসা প্রাপ্তি অসংখ্য বাংলাদেশি অন্যান্য দেশে সেবা নিয়ে থাকেন, তাই বিষয়টি নিয়ে সচেতনভাবে চিন্তার প্রয়োজন রয়েছে।

## ডিসিসিআইয়ের সেমিনার



- সরকারি স্বাস্থ্য ব্যয়ে বরাদ্দ জিডিপি ১ শতাংশেরও কম

- মাত্র ২.৫ শতাংশ মানুষ স্বাস্থ্য বীমার আওতায় রয়েছে

- দেশের ৪৯ শতাংশ মানুষ এখনও মানসম্মত স্বাস্থ্যসেবা পায় না

- রোগীরা ৭৩ শতাংশ চিকিৎসা খরচ নিজে বহন করেন

- স্বাস্থ্যসেবায় মাথাপিছু সরকারি খরচ মাত্র ১০৭০ টাকা

- ভারতের চিকিৎসা ভিসার প্রায় ৫২ শতাংশ বাংলাদেশিদের

দেশের চিকিৎসাব্যবস্থায় আস্থার অভাব, সঠিক রোগ নির্ণয় না হওয়া ও অনুন্নত সেবা ব্যবস্থাপনার কারণে রোগীরা বিদেশে যায় বেশি

- প্রায় ৮০ শতাংশ হাসপাতালে উন্নত ডায়াগনস্টিক যন্ত্রপাতি নেই

## দেশের বাইরে চিকিৎসা

## প্রতি বছর খরচ ৫ বিলিয়ন ডলার

## ● নিজস্ব প্রতিবেদক

চিকিৎসা ব্যয়ে প্রতি বছর প্রায় ৫ বিলিয়ন ডলার দেশের বাইরে চলে যাচ্ছে। দেশের চিকিৎসাব্যবস্থায় আস্থার অভাব, সঠিক রোগ নির্ণয় না হওয়া ও অনুন্নত সেবা ব্যবস্থাপনার কারণে এমনটি হচ্ছে। এর বাইরে স্বাস্থ্য খাতে জিডিপি মাত্র ১ শতাংশেরও কম বরাদ্দ অন্যতম কারণ। তাই স্বাস্থ্য খাতে সরকারি ব্যয় যেমন বাড়তে হবে তেমনি উন্নত চিকিৎসার জন্য বেসরকারি খাতেও বিনিয়োগ আরও বাড়ানো দরকার। চিকিৎসায় আরও উন্নত যন্ত্র ও উন্নতি প্রযুক্তির ব্যবহার ঘটতে হবে। গতকাল শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘বাংলাদেশের স্বাস্থ্যসেবা খাতে আস্থা বৃদ্ধি; মান নিয়ন্ত্রণে কৌশলগত কাঠামো নিশ্চিতকরণ’ শীর্ষক সেমিনারে মূল প্রবন্ধে এসব কথা বলেন। রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার অডিটোরিয়ামে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদের সভাপতিত্বে এতে প্রধান অতিথি বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি জাতীয় অধ্যাপক এ কে আজাদ খান। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনাইটেড হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ও ঢাকা চেম্বারের সাবেক উর্ধ্বতন সহ-সভাপতি মালিক তালহা ইসমাইল বারী। মূল প্রবন্ধে বলা হয়, দেশে উন্নত স্বাস্থ্যসেবা পাওয়ার পথে বেশ কিছু বড় চ্যালেঞ্জ রয়েছে। এর মধ্যে সরকারি স্বাস্থ্য ব্যয়ে বরাদ্দ জিডিপি ১ শতাংশেরও কম। রোগীরা ৭৩ শতাংশ চিকিৎসা খরচ নিজে বহন করেন। মাত্র ২.৫ শতাংশ মানুষ স্বাস্থ্য বীমার আওতায় রয়েছেন। প্রায় ৮০ শতাংশ হাসপাতালে উন্নত ডায়াগনস্টিক যন্ত্রপাতি নেই। বেসরকারি খাত ৬০ শতাংশ সেবা দিলেও তাতে উচ্চমূল্য ও গুণগত মানের পার্থক্য রয়েছে। প্রবন্ধে আরও বলা হয়, বিদেশে চিকিৎসায় প্রতি বছর প্রায় ৫ বিলিয়ন ডলার বাইরে চলে যাচ্ছে। চিকিৎসা নিতে সবচেয়ে বেশি রোগী ভারতে যান। ভারতের

চিকিৎসা ভিসার প্রায় ৫২ শতাংশ বাংলাদেশিদের। ২০২৪ সালে প্রায় ৪ লাখ ৮২ হাজার বাংলাদেশি রোগী ভারতে চিকিৎসা নিয়েছেন। চিকিৎসা নেওয়ার ক্ষেত্রে ভারতের পরে থাইল্যান্ড, সিঙ্গাপুর ও মালয়েশিয়ার অবস্থান। দেশের চিকিৎসায় বিশ্বাসের ঘাটতি রয়েছে। রোগ নির্ণয় ঠিক হচ্ছে কি না তা নিয়ে সন্দেহ থাকে। হঠাৎ বিল বেড়ে যায় ও লুকানো খরচের ভয় থাকে। নকল ওষুধ ও নিম্নমানের সামগ্রীর আশঙ্কা। এতে বলা হয়, সেবার মানে ঘাটতি ও স্বাস্থ্যকর্মীদের দক্ষতা কম। বিশেষজ্ঞ চিকিৎসার অভাব রয়েছে। উন্নত চিকিৎসা শুধু ১৫টি কেন্দ্রে পাওয়া যায়, অনেক রোগী বিদেশে যেতে বাধ্য হন। এর বাইরে চিকিৎসার খরচ পূর্বে নির্ধারিত নেই। জটিল রোগের পরবর্তী সেবা পর্যাপ্ত নয়। একক স্বাস্থ্য তথ্য ব্যবস্থা নেই। স্বাস্থ্য প্রোগ্রামের তদারকি ও ক্রয় ব্যবস্থায় দুর্বলতা। একই সঙ্গে রোগী ও পরিবারের মধ্যে স্বাস্থ্যসেবায় আস্থা কম। এসব কারণে রোগীরা দেশের বাইরে যাচ্ছেন।

প্রবন্ধে আরও বলা হয়, দেশের ৩৬টি স্পেশালাইজড হাসপাতালের মধ্যে ঢাকায় ১৯টির অবস্থান ও ঢাকার বাইরে ১৭টি। ঢাকা বিভাগে হাসপাতাল ও ক্লিনিকের সংখ্যা ১ হাজার ৮১০টি। আর সাত বিভাগে রয়েছে ৩ হাজার ৬৫১টি। এতে আরও বলা হয়, বাংলাদেশ সরকারি স্বাস্থ্য ব্যয় দক্ষিণ এশিয়ায় সবচেয়ে কম, মাথাপিছু খরচ মাত্র ১ হাজার ৭০ টাকা। দেশের ৪৯ শতাংশ মানুষ এখনও মানসম্মত স্বাস্থ্যসেবা পায় না। মানুষের জন্য সরকারের উপযোগী স্বাস্থ্যসেবা কার্যক্রম এখনও যথেষ্ট নয়।

প্রবন্ধে জানানো হয়, ২০২৫ সালে বাংলাদেশের স্বাস্থ্য খাতের বাজার ১৪ বিলিয়ন মার্কিন ডলার হবে বলে ধারণা করা হচ্ছে। আগামী ২০৩০-২০৩৩ সালের মধ্যে বাংলাদেশের স্বাস্থ্য খাতের বাজার প্রায় ২৩ বিলিয়ন ডলার হবে, অর্থাৎ এই খাতের আকার প্রায় দ্বিগুণ হয়ে যাবে। দেশে একই সময়ে মেডিকেল ডিভাইসের বাজারও দ্রুত বৃদ্ধি পাচ্ছে। ২০২৫ সালে এটি ৮২০

মিলিয়ন ডলার ছাড়িয়ে যাবে, যা ২০২০ সালে ছিল ৪৪২ মিলিয়ন ডলার। বিশেষ করে আমদানির চাহিদা বৃদ্ধির কারণে এই খাতে প্রবৃদ্ধি দেখা যাচ্ছে। বাংলাদেশের স্বাস্থ্য খাতের শক্তিশালী প্রবৃদ্ধি দেশের অর্থনীতি ও স্বাস্থ্যসেবা খাতে নতুন সুযোগ সৃষ্টি করতে সহায়ক হবে বলে আশা করা হচ্ছে। তাই এ খাতে সরকারি ও বেসরকারি আরও বিনিয়োগ প্রয়োজন।

স্বাস্থ্যসেবায় মাথাপিছু সরকারি খরচ মাত্র ১০৭০ টাকা : সেমিনারে আরও জানানো হয়, স্বাস্থ্য খাতের ব্যয়ে বাংলাদেশ পিছিয়ে আছে। বাংলাদেশে স্বাস্থ্য খাতে ব্যয় দক্ষিণ এশিয়ায় সবচেয়ে কম। স্বাস্থ্যসেবায় মাথাপিছু সরকারি খরচ মাত্র ১ হাজার ৭০ টাকা। দেশের ৪৯ শতাংশ মানুষ এখনও মানসম্মত স্বাস্থ্যসেবা পায় না। বিদেশে চিকিৎসায় প্রতি বছর প্রায় ৫ বিলিয়ন ডলার দেশের বাইরে চলে যাচ্ছে।

মূল প্রবন্ধে আরও বলা হয়, দেশের স্বাস্থ্য খাতের বাজার বছরে ১০ শতাংশ হারে বাড়ছে। ২০১০ সাল থেকে এ খাতে উচ্চ প্রবৃদ্ধি দেখা যাচ্ছে। বর্তমানে দেশের স্বাস্থ্য খাতের বাজার প্রায় ১৪ বিলিয়ন ডলারের। আগামী সাত বছরের মধ্যে তা প্রায় দ্বিগুণ হয়ে ২৩ বিলিয়ন ডলারে পৌঁছতে পারে। এর মধ্যে মেডিকেল যন্ত্রপাতির বাজার প্রায় ৮২০ মিলিয়ন ডলারের।

সেমিনারে বিদেশে রোগী যাওয়ার তথ্য তুলে ধরে বলা হয়, বিদেশে চিকিৎসায় প্রতি বছর প্রায় ৫ বিলিয়ন ডলার বাইরে চলে যাচ্ছে। চিকিৎসা নিতে সবচেয়ে বেশি রোগী ভারতে যান। ভারতের চিকিৎসা ভিসার প্রায় ৫২ শতাংশ বাংলাদেশিদের। ২০২৪ সালে প্রায় ৪ লাখ ৮২ হাজার বাংলাদেশি রোগী ভারতে চিকিৎসা নিয়েছেন। চিকিৎসা নেওয়ার ক্ষেত্রে ভারতের পরে থাইল্যান্ড, সিঙ্গাপুর ও মালয়েশিয়ার অবস্থান। দেশের চিকিৎসায় বিশ্বাসের ঘাটতি রয়েছে। রোগ নির্ণয় ঠিক হচ্ছে কি না তা নিয়ে সন্দেহ থাকে। হঠাৎ বিল বেড়ে যায় ও লুকানো খরচের ভয় থাকে। নকল ওষুধ ও নিম্নমানের সামগ্রীর আশঙ্কা থাকে।

# আজকের পত্রিকা

রবিবার, ১৪ ডিসেম্বর ২০২৫



ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘বাংলাদেশের স্বাস্থ্যসেবা খাতে আস্থা বৃদ্ধি; মান নিয়ন্ত্রণে কৌশলগত কাঠামো নিশ্চিতকরণ’ শীর্ষক গতকালের সেমিনারে অতিথিরা।  
ছবি: আজকের পত্রিকা

## বিদেশে চিকিৎসার ব্যয় বছরে ৫ বিলিয়ন ডলার

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

স্বাস্থ্য খাতের ব্যয়ে দক্ষিণ এশিয়ায় সবচেয়ে পিছিয়ে বাংলাদেশ। স্বাস্থ্য খাতে বরাদ্দ জিডিপি মাত্র ১ শতাংশ এবং মাথাপিছু সরকারি ব্যয় মাত্র ১,০৭০ টাকা। দেশের প্রায় ৪৯ শতাংশ মানুষ এখনো মানসম্মত স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত। এ কারণে প্রতিবছর প্রায় ৫ বিলিয়ন ডলার চিকিৎসার জন্য বিদেশে গিয়ে ব্যয় করছে বাংলাদেশি রোগীরা। অথচ দেশের স্বাস্থ্যসেবার বাজার বর্তমানে প্রায় ১৪ বিলিয়ন ডলার এবং আগামী আট বছরে আরও ৯ বিলিয়ন ডলার বাড়ার সম্ভাবনা রয়েছে, যা ২০৩৩ সালে ২৩ বিলিয়নে উন্নীত হতে পারে।

গতকাল শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘বাংলাদেশের স্বাস্থ্যসেবা খাতে আস্থা বৃদ্ধি; মান নিয়ন্ত্রণে কৌশলগত কাঠামো নিশ্চিতকরণ’ শীর্ষক সেমিনারে উপস্থাপিত মূল প্রবন্ধে এসব তথ্য তুলে ধরা হয়। রাজধানীর মতিঝিলে ডিসিসিআই কার্যালয়ে আয়োজিত সভায় জাতীয় অধ্যাপক ও বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি এ কে আজাদ খান প্রধান অতিথি ছিলেন।

আলোচকেরা বলেন, অবকাঠামোর ঘাটতি, নতুন প্রযুক্তি ব্যবহারে পশ্চাৎপদতা, দক্ষ মানবসম্পদের সংকট, সেবার উচ্চ ব্যয়, কার্যকর তদারকির অভাব—এসব মিলিয়েই কাঙ্ক্ষিত স্বাস্থ্য উন্নয়ন অর্জিত হয়নি। অধ্যাপক এ কে

### ঢাকা চেম্বারের সেমিনার

- » স্বাস্থ্য খাতে ব্যয়ে দ. এশিয়ায় পিছিয়ে বাংলাদেশ।
- » মাথাপিছু সরকারি স্বাস্থ্যব্যয় মাত্র ১,০৭০ টাকা।
- » মানসম্মত স্বাস্থ্যসেবা পায় না ৪৯ শতাংশ মানুষ।
- » দেশের স্বাস্থ্যসেবার বাজার ১৪ বিলিয়ন ডলারের।

আজাদ খান বলেন, কিছু ক্ষেত্রে অর্জন থাকলেও সামগ্রিকভাবে দেশের স্বাস্থ্যসেবা কাঙ্ক্ষিত মানে পৌঁছায়নি। উন্নত দেশ তো দূরের কথা, পার্শ্ববর্তী দেশের তুলনায়ও বাংলাদেশ পিছিয়ে রয়েছে। তাঁর মতে, ইউনিভার্সেল হেলথকেয়ার বাস্তবায়ন বাংলাদেশের পক্ষে সম্ভব নয়, তবে প্রাথমিক স্বাস্থ্যসেবায় জোর দেওয়া ছাড়া বিকল্প নেই। তিনি ব্যবস্থাপনায় উন্নয়ন ও বিকেন্দ্রীকরণের ওপর বিশেষ গুরুত্বারোপ করেন।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনাইটেড হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক এবং ডিসিসিআইয়ের সাবেক সহসভাপতি মালিক তালহা ইসমাইল বারী। তিনি জানান, সীমিত বাজেট, অদক্ষ ব্যবস্থাপনা, মানের ঘাটতি, শহর-গ্রামের বৈষম্য, বাড়তি ব্যয়, দুর্বল নিয়ন্ত্রণব্যবস্থা—এসব কারণেই স্বাস্থ্য খাতের চ্যালেঞ্জ তৈরি হয়েছে। যার ফলে তুলনামূলক উন্নত

চিকিৎসার জন্য বিপুলসংখ্যক রোগী বিদেশমুখী হওয়ায় বছরে ৫ বিলিয়ন ডলার বাইরে চলে যাচ্ছে।

ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, মানসম্মত ও রোগীবান্ধব সেবা নিশ্চিত কাঠামোগত ঘাটতি, দক্ষ জনবলস্বল্পতা, অনুমোদনহীন ক্লিনিক-ফার্মেসির বিস্তার, ভুল রোগনির্ণয়, ভুয়া ওষুধ এবং আইন প্রয়োগের দুর্বলতা জনস্বাস্থ্য আস্থাকে ক্ষতিগ্রস্ত করেছে। স্বাস্থ্যবিমা কার্যকর না হওয়ায় ৭৪ শতাংশ ব্যয় রোগীকেই বহন করতে হয়, যা নিম্ন ও মধ্য আয়ের মানুষের জন্য বড় ঝুঁকি।

নির্ধারিত আলোচনায় অধ্যাপক সৈয়দ আতিকুল হক সরকারি হাসপাতালের মানোন্নয়নকে সর্বোচ্চ জরুরি বলে মনে করেন। ইউনিভার্সেল মেডিকেলের চেয়ারম্যান খ্রীতি চক্রবর্তী স্বাস্থ্য খাতে আস্থা পুনরুদ্ধারে সরকারি-বেসরকারি সমন্বয় ও পিপিপি ব্যবস্থার প্রয়োজনীয়তা তুলে ধরেন।

# দৈনিক বাংলা

রবিবার, ১৪ ডিসেম্বর ২০২৫



## স্বাস্থ্যসেবায় আস্থা বাড়াতে

# কাঠামোগত সংস্কারের বিকল্প নেই

ডিসিসিআইয়ের সেমিনারে বক্তারা

দৈনিক বাংলা

নিজস্ব প্রতিবেদক

স্বাস্থ্য খাতের সামগ্রিক উন্নয়নের জন্য সরকারি-বেসরকারি খাতের মধ্যে সমন্বয় বৃদ্ধির পাশাপাশি জনসাধারণের সম্পৃক্ততা বৃদ্ধি অপরিহার্য বলে অভিমত দিয়েছেন বক্তারা।

তারা বলেন, স্বাস্থ্য খাতে জিডিপি মাত্র ১ শতাংশ বরাদ্দ, অপ্রতুল অবকাঠামো ও নতুন প্রযুক্তি ব্যবহারে পিছিয়ে থাকা, দক্ষ মানবসম্পদ ঘাটতি, সেবা প্রাপ্তিতে উচ্চ ব্যয়, ব্যবস্থাপনার ঘাটতি, বিদ্যমান নীতিমালার তদারকির অভাবের কারণে দেশের স্বাস্থ্যখাতে কাজিত উন্নয়ন পরিলক্ষিত হয়নি।

রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'বাংলাদেশের স্বাস্থ্য সেবা খাতে আস্থা বৃদ্ধি: মান নিয়ন্ত্রণে কৌশলগত কাঠামো নিশ্চিতকরণ' শীর্ষক সেমিনারে গতকাল শনিবার বক্তারা এসব কথা বলেন।

ডিসিসিআই আয়োজিত সেমিনারে বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি জাতীয় অধ্যাপক এ কে আজাদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে এ কে আজাদ খান বলেন, 'আমাদের স্বাস্থ্য সেবায় বেশ অর্জন রয়েছে, তবে সামগ্রিকভাবে কাজিত মান নিশ্চিতের করা যায়নি, এ ক্ষেত্রে সরকারকে এগিয়ে আসতে হবে।'

তিনি জানান, বাংলাদেশের স্বাস্থ্যসেবার মান উন্নত দেশগুলোর মতো নয়, এমনকি পার্শ্ববর্তী দেশগুলোর চেয়ে আমরা পিছিয়ে রয়েছি। তিনি উল্লেখ করেন, বাংলাদেশের পক্ষে ইউনিভার্সাল স্বাস্থ্য সেবা নিশ্চিত করা সম্ভব নয়, তবে আমাদের প্রাইমারি হেলথ কেয়ারের উপর বেশি জোর দিতে হবে। এ খাতের ব্যবস্থাপনায় উন্নয়নের পাশাপাশি বিকেন্দ্রীকরণের কোনো বিকল্প নেই বলে তিনি অভিমত প্রকাশ করেন।

স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, 'দেশে মানসম্মত ও রোগীবান্ধব সেবা নিশ্চিতে এখনো কাঠামোগত ঘাটতি রয়ে গেছে। এছাড়াও সরকারি-বেসরকারি খাতে স্বাস্থ্যসেবা মানের অসমতা, প্রশিক্ষিত

মানবসম্পদের ঘাটতি, অনুমোদনহীন ক্লিনিক ও ফার্মেসির সম্প্রসারণ, ভুল ডায়াগনস্টিক রিপোর্ট, ভুয়া ওষুধ ও তদারকি দুর্বলতা, আধুনিক প্রযুক্তি ব্যবহারে সীমাবদ্ধতা এবং সর্বোপরি বিদ্যমান আইন বাস্তবায়নে উদাসীনতা আমাদের জনস্বাস্থ্য নিরাপত্তা এবং আস্থাকে ক্রমাগত ক্ষতিগ্রস্ত করছে।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনাইটেড হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ও ঢাকা চেম্বারের সাবেক উর্ধ্বতন সহসভাপতি মালিক তালহা ইসমাইল বাব্বী। তিনি বলেন, 'স্বাস্থ্য খাতে বাংলাদেশ সরকারের জনপ্রতি বার্ষিক ব্যয় ১ হাজার ৭০ টাকা এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য মতে প্রায় ৪৯ শতাংশ জনগণ গুণগত স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত।'

তিনি আরও বলেন, 'যদিও বর্তমানে এ খাতের মোট বাজার প্রায় ১৪ বিলিয়ন মার্কিন ডলার এবং ২০৩০ সালে তা ২৩ বিলিয়নে উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে। স্বল্প বাজেট বরাদ্দ ও অদক্ষ ব্যবস্থাপনা, শহর-গ্রামে স্বাস্থ্যসেবার বৈষম্য, সেবার মান ও আস্থার ঘাটতি, দক্ষ স্বাস্থ্যকর্মীর সংকট, ক্রমবর্ধমান স্বাস্থ্যসেবা ব্যয়, অপ্রতুল অবকাঠামো এবং নিয়ন্ত্রক ব্যবস্থার দুর্বলতা এ খাতের অন্যতম প্রতিবন্ধকতা।

অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় গ্রিন লাইফ সেন্টারের চিফ কনসালটেন্ট অধ্যাপক সৈয়দ আতিকুল হক, নর্থ সাউথ ইউনিভার্সিটির স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সেসের ডিন অধ্যাপক ডা. দীপক কুমার মিত্র, ইউনিভার্সাল মেডিকেল কলেজ ও হাসপাতালের চেয়ারম্যান প্রীতি চক্রবর্তী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ডা. শাফিউন নাহিন শিমুল, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজের সেক্রেটারি জেনারেল ডা. মো. জাকির হোসেন, আইসিডিডিআরবির সংক্রামক রোগ বিভাগের সিনিয়র সায়েন্টিষ্ট ডা. মো. মোস্তাফিজুর রহমান, সেভা ডা চিলড্রেন ইন্টারন্যাশনাল, বাংলাদেশের ম্যানেজার (পলিসি অ্যাডভোকেসি) ডা. মুশারাত জাহান, ইউনিসেফ বাংলাদেশের হেলথ সিস্টেমস স্পেশালিস্ট ডা. ফিদা মেহরান এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও), বাংলাদেশের ন্যাশনাল

প্রফেশনাল অফিসার (রোগী নিরাপত্তা ও রক্ত নিরাপত্তা) ডা. মুরাদ সুলতান অংশগ্রহণ করেন।

গ্রিন লাইফ সেন্টারের চিফ কনসালটেন্ট অধ্যাপক সৈয়দ আতিকুল হক বলেন, 'যেহেতু দেশের বেশিরভাগ মানুষই সরকারি খাতের হাসপাতালে চিকিৎসাসেবা নিয়ে থাকে, তাই সরকারি হাসপাতালগুলোতে সর্বোত্তম মান উন্নয়ন ও নিশ্চিতের কোনো বিকল্প নেই।'

প্রীতি চক্রবর্তী বলেন, 'দেশীয় স্বাস্থ্য খাতের বাজার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে এবং এ খাতের আস্থা ফিরাতে সরকারি-বেসরকারি খাত ও জনগণকে একযোগে কাজ করতে হবে, পাশাপাশি এ খাতে পিপিপি মডেলের ব্যবহার করার সুযোগ রয়েছে।'

অধ্যাপক ডা. শাফিউন নাহিন শিমুল বলেন, 'স্বাস্থ্য খাতের আস্থা বাড়াতে সেবা প্রদানকারীদের সাথে রোগীদের যোগাযোগ বৃদ্ধি, স্বাস্থ্যবিষয়ক নেতিবাচক সংবাদ পরিহার এবং সর্বোপরি প্রাথমিক স্বাস্থ্যসেবার উপর জোরারোপ করা প্রয়োজন।'

ডা. মো. জাকির হোসেন বলেন, 'প্রয়োজনীয় নীতি সহায়তার কারণে বাংলাদেশের ৯৭ শতাংশ ওষুধ স্থানীয়ভাবে উৎপাদিত হচ্ছে এবং ১৬০টি দেশে রপ্তানি হচ্ছে, তার মানে হলো আমাদের উৎপাদিত ওষুধের উপর আস্থা রয়েছে, তবে বাংলাদেশের স্বাস্থ্য নীতি ২০১১ সালে হলেও গত ১৪ বছরেও তা যুগোপযোগী করা এবং সার্বিকভাবে স্বাস্থ্য খাতের কোনো সমন্বিত নীতিমালা নেই। তাই এ খাতের জন্য দীর্ঘমেয়াদি টেকসই নীতিমালার পাশাপাশি সরকারি-বেসরকারি খাতের সমন্বয় একান্ত অপরিহার্য, সেই সাথে স্বাস্থ্য খাতের অর্থায়ন স্ট্র্যাটেজি একান্ত অপরিহার্য বলে তিনি মতপ্রকাশ করেন।

ডা. মো. মোস্তাফিজুর রহমান জানান, আইসিডিডিআরবি থেকে প্রতি বছর প্রায় তিন লাখ রোগী ডায়রিয়া সেবা নিচ্ছে, বাংলাদেশের স্বাস্থ্যসেবা উন্নয়নের জন্য আইসিডিডিআরবির মডেলে অন্যান্য জায়গায় অনুসরণ করা যেতে পারে।

ডা. ফিদা মেহরান সামগ্রিকভাবে স্বাস্থ্য খাতের উন্নয়নে সরকারি-বেসরকারি খাতের সমন্বয়ের কোনো বিকল্প নেই বলে অভিমত জ্ঞাপন করেন।

রবিবার, ১৪ ডিসেম্বর ২০২৫

# দেশের বাইরে চিকিৎসায় প্রতিবছর খরচ ৫ বিলিয়ন ডলার: ডিসিসিআই

## অর্থনৈতিক বার্তা পরিবেশক

চিকিৎসা ব্যয়ে প্রতিবছর প্রায় ৫ বিলিয়ন ডলার দেশের বাইরে চলে যাচ্ছে। দেশের চিকিৎসা ব্যবস্থায় আস্থার অভাব, সঠিক রোগ নির্ণয় না হওয়া ও অনুন্নত সেবা ব্যবস্থাপনার কারণে এমনটি হচ্ছে। এর বাইরে স্বাস্থ্যখাতে জিডিপি মাত্র ১ শতাংশেরও কম বরাদ্দ অন্যতম কারণ। তাই স্বাস্থ্যখাতে সরকারি ব্যয় যেমন বাড়তে হবে তেমনি উন্নত চিকিৎসার জন্যে বেসরকারি খাতেও বিনিয়োগ আরও বাড়ানো দরকার। চিকিৎসায় আরও উন্নত যন্ত্র ও উন্নতি প্রযুক্তির ব্যবহার ঘটতে হবে।

গতকাল ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত 'বাংলাদেশের স্বাস্থ্যসেবা খাতে আস্থা বৃদ্ধি; মান নিয়ন্ত্রণে কৌশলগত কাঠামো নিশ্চিতকরণ' শীর্ষক সেমিনারে মূল প্রবন্ধে এসব কথা বলেন। রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার অডিটোরিয়ামে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদের সভাপতিত্বে এতে প্রধান অতিথি বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি জাতীয় অধ্যাপক এ কে আজাদ খান। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনাইটেড হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ও ঢাকা চেম্বারের সাবেক উর্ধ্বতন সহ-সভাপতি মালিক তালহা ইসমাইল বারী।

মূল প্রবন্ধে বলা হয়, দেশে উন্নত স্বাস্থ্যসেবা পাওয়ার পথে বেশ কিছু বড় চ্যালেঞ্জ রয়েছে। এরমধ্যে সরকারি স্বাস্থ্য ব্যয়ে বরাদ্দ জিডিপি ১ শতাংশেরও কম। রোগীরা ৭৩ শতাংশ চিকিৎসা খরচ নিজে বহন

করেন। মাত্র ২.৫ শতাংশ মানুষ স্বাস্থ্য বিমার আওতায় রয়েছেন। প্রায় ৮০ শতাংশ হাসপাতালেই উন্নত ডায়াগনস্টিক যন্ত্রপাতি নেই। বেসরকারি খাত ৬০ শতাংশ সেবা দিলেও, তাতে উচ্চমূল্য ও গুণগত মানের পার্থক্য রয়েছে।

প্রবন্ধে আরও বলা হয়, বিদেশে

ভারতের পরে থাইল্যান্ড, সিঙ্গাপুর ও মালয়েশিয়ার অবস্থান। দেশের চিকিৎসায় বিশ্বাসের ঘাটতি রয়েছে। রোগ নির্ণয় ঠিক হচ্ছে কি না তা নিয়ে সন্দেহ থাকে। হঠাৎ বিল বেড়ে যায় ও লুকানো খরচের ভয় থাকে। নকল ওষুধ ও নিম্নমানের সামগ্রীর আশঙ্কা। এতে বলা হয়, সেবার মান



দেশে উন্নত স্বাস্থ্যসেবা পাওয়ার পথে বেশ কিছু বড় চ্যালেঞ্জ রয়েছে। এরমধ্যে সরকারি স্বাস্থ্য ব্যয়ে বরাদ্দ জিডিপি ১ শতাংশেরও কম। রোগীরা ৭৩ শতাংশ চিকিৎসা খরচ নিজে বহন করেন। মাত্র ২.৫ শতাংশ মানুষ স্বাস্থ্য বিমার আওতায় রয়েছেন

চিকিৎসায় প্রতিবছর প্রায় ৫ বিলিয়ন ডলার বাইরে চলে যাচ্ছে। চিকিৎসা নিতে সবচেয়ে বেশি রোগী ভারতে যান। ভারতের চিকিৎসা ভিসার প্রায় ৫২ শতাংশ বাংলাদেশিদের। ২০২৪ সালে প্রায় ৪ লাখ ৮২ হাজার বাংলাদেশি রোগী ভারতে চিকিৎসা নিয়েছেন। চিকিৎসা নেওয়ার ক্ষেত্রে

ঘাটতি ও স্বাস্থ্যকর্মীদের দক্ষতা কম। বিশেষজ্ঞ চিকিৎসার অভাব রয়েছে। উন্নত চিকিৎসা শুধু ১৫টি কেন্দ্রে পাওয়া যায়, অনেক রোগী বিদেশে যেতে বাধ্য হন। এর বাইরে চিকিৎসার খরচ পূর্বে নির্ধারিত নেই। জটিল রোগের পরবর্তী সেবা পর্যাপ্ত নয়। একক স্বাস্থ্য তথ্য ব্যবস্থা নেই।

স্বাস্থ্য প্রোগ্রামের তদারকি ও ক্রয় ব্যবস্থায় দুর্বলতা। একইসঙ্গে রোগী ও পরিবারের মধ্যে স্বাস্থ্যসেবায় আস্থা কম। এসব কারণে রোগীরা দেশের বাইরে যাচ্ছেন।

প্রবন্ধে আরও বলা হয়, দেশের ৩৬টি স্পেশালাইজড হাসপাতালের মধ্যে ঢাকায় ১৯টির অবস্থান ও ঢাকার বাইরে ১৭ টি। ঢাকা বিভাগে হাসপাতাল ও ক্লিনিকের সংখ্যা ১ হাজার ৮১০ টি। আর ৭ বিভাগে রয়েছে ৩ হাজার ৬৫১ টি।

এতে আরও বলা হয়, বাংলাদেশ সরকারি স্বাস্থ্য ব্যয় দক্ষিণ এশিয়ায় সবচেয়ে কম, মাথাপিছু খরচ মাত্র ১ হাজার ৭০ টাকা। দেশের ৪৯ শতাংশ মানুষ এখনও মানসম্মত স্বাস্থ্যসেবা পায় না। মানুষের জন্য সরকারের উপযোগী স্বাস্থ্যসেবা কার্যক্রম এখনো যথেষ্ট নয়।

প্রবন্ধে জানানো হয়, ২০২৫ সালে বাংলাদেশের স্বাস্থ্য খাতের বাজার ১৪ বিলিয়ন মার্কিন ডলার হবে বলে ধারণা করা হচ্ছে। আগামী ২০৩০-২০৩৩ সালের মধ্যে বাংলাদেশের স্বাস্থ্যখাতের বাজার প্রায় ২৩ বিলিয়ন ডলার হবে, অর্থাৎ এই খাতের আকার প্রায় দ্বিগুণ হয়ে যাবে। দেশে একই সময়ে মেডিকেল ডিভাইসের বাজারও দ্রুত বৃদ্ধি পাচ্ছে। ২০২৫ সালে এটি ৮২০ মিলিয়ন ডলার ছাড়িয়ে যাবে, যা ২০২০ সালে ছিল ৪৪২ মিলিয়ন ডলার। বিশেষ করে আমদানির চাহিদা বৃদ্ধির কারণে এই খাতে প্রবৃদ্ধি দেখা যাচ্ছে। বাংলাদেশের স্বাস্থ্যখাতের শক্তিশালী প্রবৃদ্ধি দেশের অর্থনীতি ও স্বাস্থ্যসেবা খাতে নতুন সুযোগ সৃষ্টি করতে সহায়ক হবে বলে আশা করা হচ্ছে। তাই এ খাতে সরকারি ও বেসরকারি আরও বিনিয়োগ প্রয়োজন।

# দেশ রূপান্তর

রবিবার, ১৪ ডিসেম্বর ২০২৫

## বিদেশে চিকিৎসায় বছরে খরচ ৫ বিলিয়ন ডলার

### নিজস্ব প্রতিবেদক

বিশ্ব স্বাস্থ্য সংস্থার হিসাবে দেশের ৪৯ শতাংশ মানুষ গুণগত স্বাস্থ্যসেবা পাচ্ছে না। দাবি করা হচ্ছে— আস্থার অভাব, সঠিক রোগ নির্ণয় না হওয়া ও অনুন্নত সেবা ব্যবস্থাপনার কারণে প্রতিবছর অসংখ্য মানুষ চিকিৎসার জন্য বিদেশ যাচ্ছেন। এতে খরচ হচ্ছে ৫ বিলিয়ন মার্কিন ডলার। গতকাল শনিবার ডিসিসিআই আয়োজিত ‘বাংলাদেশের স্বাস্থ্যসেবা খাতে আস্থা বৃদ্ধি: মান নিয়ন্ত্রণে কৌশলগত কাঠামো নিশ্চিতকরণ’ শীর্ষক সেমিনারের মূল প্রবন্ধ থেকে এসব তথ্য জানা গেছে। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনাইটেড হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ও ঢাকা চেম্বারের সাবেক সিনিয়র সহ-সভাপতি মালিক তালহা ইসমাইল বারী। ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদের সভাপতিত্বে বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি অধ্যাপক এ কে আজাদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সেমিনারে বক্তারা বলেন, স্বাস্থ্য খাতে জিডিপি মাত্র ১ শতাংশ বরাদ্দ, অপ্রতুল অবকাঠামো ও নতুন প্রযুক্তি ব্যবহারে পিছিয়ে থাকা, দক্ষ মানবসম্পদের ঘাটতি, সেবাপ্রাপ্তিতে উচ্চব্যয়, ব্যবস্থাপনার ঘাটতি, বিদ্যমান নীতিমালার তদারকির অভাবের কারণে দেশের স্বাস্থ্য খাতে কাজীকৃত উন্নয়ন পরিলক্ষিত হয়নি। এ খাতের সামগ্রিক উন্নয়নে সরকারি-বেসরকারি খাতের সমন্বয় বাড়ানোর পাশাপাশি জনগণের সম্পৃক্ততা বৃদ্ধির ওপর জোরারোপ করেন তারা।

স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, দেশে মানসম্মত ও রোগীবান্ধব সেবা নিশ্চিতে এখনো কাঠামোগত ঘাটতি রয়ে গেছে, এ ছাড়াও সরকারি-বেসরকারি খাতে স্বাস্থ্যসেবা মানের অসমতা, প্রশিক্ষিত মানবসম্পদের ঘাটতি, অনুমোদনহীন ক্লিনিক ও ফার্মেসির সম্প্রসারণ, ভুল ডায়াগনস্টিক রিপোর্ট, ভুয়া ওষুধ ও তদারকি দুর্বলতা, আধুনিক প্রযুক্তি ব্যবহারে সীমাবদ্ধতা এবং সর্বোপরি বিদ্যমান আইন বাস্তবায়নে উদাসীনতা আমাদের জনস্বাস্থ্য নিরাপত্তা এবং আস্থাকে ক্রমাগত ক্ষতিগ্রস্ত করছে।

তিনি উল্লেখ করেন, বাংলাদেশে স্বাস্থ্য বীমা ব্যবস্থাপনার কার্যকর ব্যবহার না থাকার কারণে মোট স্বাস্থ্য ব্যয়ের প্রায় ৭৪ ভাগ ব্যক্তিকে নিজস্ব ব্যয়ে বহন করতে হয়, এতে নিম্ন ও মধ্য আয়ের জনগোষ্ঠী আর্থিকভাবে বড় ঝুঁকিতে পড়ে থাকেন। এমতাবস্থায় দেশে একটি টেকসই স্বাস্থ্যব্যবস্থা নিশ্চিতের লক্ষ্যে সামগ্রিক এ খাতে বিদেশি বিনিয়োগ, সরকারি-বেসরকারি অংশীদারত্ব জোরদার, আধুনিক চিকিৎসা প্রযুক্তি, নার্সিং, ল্যাব সায়েন্স ও স্বাস্থ্য ব্যবস্থাপনায় দক্ষ জনবল উন্নয়ন, সঠিক নীতিমালা বাস্তবায়ন এবং দক্ষ ব্যবস্থাপনার সমন্বিত প্রয়োগ অপরিহার্য বলে মনে করেন তাসকীন আহমেদ। পাশাপাশি বাংলাদেশের সব স্তরের মানুষের স্বাস্থ্যবান্ধব পরিবেশ নিশ্চিত একটি শক্তিশালী হেলথ রেগুলেটরি ফ্রেমওয়ার্ক গড়ে তোলার ওপর জোরারোপ করেন ডিসিসিআই সভাপতি।

প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি এ কে আজাদ খান বলেন, আমাদের স্বাস্থ্যসেবায় বেশ অর্জন হয়েছে, তবে সামগ্রিকভাবে কাজীকৃত মান নিশ্চিত করা যায়নি, এক্ষেত্রে সরকারকে এগিয়ে আসতে হবে। তিনি জানান, দেশের স্বাস্থ্যসেবার মান উন্নত দেশগুলোর মতো নয়, এমনকি পার্শ্ববর্তী দেশগুলোর চেয়ে আমরা পিছিয়ে রয়েছি। তিনি উল্লেখ করেন, বাংলাদেশের পক্ষে ইউনিভার্সেল স্বাস্থ্যসেবা নিশ্চিত করা সম্ভব নয়, তবে আমাদের প্রাইমারি হেলথ কেয়ারের ওপর বেশি হারে জোর দিতে হবে। এ খাতের ব্যবস্থাপনায় উন্নয়নের পাশাপাশি বিকেন্দ্রীকরণের কোনো

- স্বাস্থ্য খাতে জনপ্রতি সরকারের ব্যয় ১০৭০ টাকা
- দেশের ৪৯ শতাংশ মানুষ গুণগত স্বাস্থ্যসেবা পান না
- স্বাস্থ্য খাতের বর্তমান বাজার ১৪ বিলিয়ন
- ২০৩৩ সালে বাজারের আকার হবে ২৩ বিলিয়ন
- চিকিৎসার জন্য ভারত, থাইল্যান্ড সিঙ্গাপুরে রোগী বেশি যান

বিকল্প নেই বলে তিনি অভিমত জ্ঞাপন করেন। তিনি আরও বলেন, ডিজিটাল হেলথ কেয়ার কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গ্রামীণ পর্যায়ে স্বাস্থ্যসেবার সম্প্রসারণ করা সম্ভব। সেই চিকিৎসা শিক্ষাক্রম আধুনিকায়নের পাশাপাশি এ খাতে গবেষণা কার্যক্রম বাড়ানোর জন্য প্রয়োজনীয় পরিবেশ নিশ্চিত করার ওপর তিনি জোরারোপ করেন।

মূল প্রবন্ধে তালহা ইসমাইল বারী বলেন, স্বাস্থ্য খাতে বাংলাদেশ সরকারের জনপ্রতি বার্ষিক ব্যয় ১ হাজার ৭০ টাকা এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য মতে প্রায় ৪৯ শতাংশ জনগণ গুণগত স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত, যদিও বর্তমানে এ খাতের মোট বাজার প্রায় ১৪ বিলিয়ন মার্কিন ডলার এবং ২০৩৩ সালে তা ২৩ বিলিয়নে উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে। স্বল্প বাজেট বরাদ্দ ও অদক্ষ ব্যবস্থাপনা, শহর-গ্রামে স্বাস্থ্যসেবার বৈষম্য, সেবার মান ও আস্থার ঘাটতি, দক্ষ স্বাস্থ্যকর্মীর সংকট, ক্রমবর্ধমান স্বাস্থ্যসেবা ব্যয়, অপ্রতুল অবকাঠামো এবং নিয়ন্ত্রক ব্যবস্থার দুর্বলতা এ খাতের অন্যতম প্রতিবন্ধকতা।

তিনি জানান, তুলনামূলকভাবে ভালো স্বাস্থ্যসেবা প্রাপ্তির লক্ষ্যে জনগণের একটি বড় অংশ অন্যান্য দেশে চিকিৎসা নিচ্ছে এবং এ বাবদ প্রতিবছর প্রায় ৫ বিলিয়ন মার্কিন ডলার বাইরে চলে যাচ্ছে। বিদ্যমান অবস্থার উন্নয়নে এ খাতে স্থানীয় ও বিদেশি বিনিয়োগ আকর্ষণ ও ঋণ সহায়তা প্রাপ্তির প্রক্রিয়া সহজীকরণ, অবকাঠামো উন্নয়ন ও আধুনিক প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ, মানবসম্পদের দক্ষতা উন্নয়ন এবং বিদ্যমান নীতিমালার যুগোপযোগীকরণের ওপর তিনি জোরারোপ করেন। এ ছাড়াও তিনি বিদেশি দক্ষ টেকনিশিয়ান, নার্স এনে দেশীয় মানবসম্পদ উন্নয়নে বিদ্যমান নীতিতে প্রতিবন্ধকতা নিরসনের পাশাপাশি এ খাতে লাইসেন্স প্রদান ও নবায়নের ক্ষেত্রে ওয়ান-স্টপ সেবা প্রবর্তনের আহ্বান জানান।

অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় গ্রিন লাইফ সেন্টারের চিফ কনসালটেন্ট অধ্যাপক সৈয়দ আতিকুল হক, নর্থ সাউথ ইউনিভার্সিটির স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সের ডিন অধ্যাপক ডা. দীপক কুমার মিত্র, ইউনিভার্সেল মেডিকেল কলেজ ও হাসপাতালের চেয়ারম্যান প্রীতি চক্রবর্তী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ডা. শাফিউন নাহিন শিমুল, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজের সেক্রেটারি জেনারেল ডা. মো. জাকির হোসেন, আইসিডিডিআর,বি-এর সংক্রামক রোগ বিভাগের সিনিয়র সায়েন্টিস্ট ডা. মো. মোস্তাফিজুর রহমান, সেভ দ্য চিলড্রেন ইন্টারন্যাশনাল, বাংলাদেশ-এর ম্যানেজার (পলিসি অ্যাডভোকেসি)

ডা. মুশারাত জাহান, ইউনিসেফ বাংলাদেশ-এর হেলথ সিস্টেমস স্পেশালিস্ট ডা. ফিদা মেহরান এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও), বাংলাদেশের ন্যাশনাল প্রফেশনাল অফিসার (রোগী নিরাপত্তা ও রক্ত নিরাপত্তা) ডা. মুরাদ সুলতান অংশগ্রহণ করেন।

অধ্যাপক সৈয়দ আতিকুল হক বলেন, যেহেতু দেশের বেশিরভাগ লোকই সরকারি খাতের হাসপাতালে চিকিৎসাসেবা নিয়ে থাকে, তাই সরকারি হাসপাতালগুলোতে সর্বোত্তম মান উন্নয়ন ও নিশ্চিতের কোনো বিকল্প নেই। এ খাতের সব স্তরের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করা প্রয়োজন।

প্রীতি চক্রবর্তী বলেন, দেশীয় স্বাস্থ্য খাতের বাজার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে এবং এ খাতের আস্থা ফেরাতে সরকারি-বেসরকারি খাত ও জনগণকে একযোগে কাজ করতে হবে, পাশাপাশি এ খাতে পিপিপি মডেলের ব্যবহার করার সুযোগ রয়েছে। তিনি জানান, আমাদের চিকিৎসা শিক্ষায় অংশ নেওয়া বিদেশি শিক্ষার্থীরা প্রতিবছর ২ হাজার কোটি টাকা ব্যয় করেন, যদিও কাজীকৃত চিকিৎসা অসংখ্য বাংলাদেশি অন্যান্য দেশে নিয়ে থাকেন, তাই বিষয়টি নিয়ে সচেতনভাবে চিন্তার প্রয়োজন রয়েছে।

অধ্যাপক ডা. শাফিউন নাহিন শিমুল বলেন, স্বাস্থ্য খাতের আস্থা বাড়াতে সেবা প্রদানকারীদের সঙ্গে রোগীদের যোগাযোগ বৃদ্ধি, স্বাস্থ্য বিষয়ক নেতিবাচক সংবাদ পরিহার এবং সর্বোপরি প্রাথমিক স্বাস্থ্যসেবার ওপর জোরারোপ করা প্রয়োজন।

ডা. মো. জাকির হোসেন বলেন, প্রয়োজনীয় নীতি সহায়তার কারণে বাংলাদেশের ৯৭ শতাংশ ওষুধ স্থানীয়ভাবে উৎপাদিত হচ্ছে এবং ১৬০টি দেশে রপ্তানি হচ্ছে, তার মানে হলো আমাদের উৎপাদিত ওষুধের ওপর আস্থা রয়েছে, তবে বাংলাদেশের স্বাস্থ্যনীতি ২০১১ সালে হলেও গত ১৪ বছরেও তা যুগোপযোগী করা এবং সার্বিকভাবে স্বাস্থ্য খাতের কোনো সমন্বিত নীতিমালা নেই। তাই এ খাতের জন্য দীর্ঘমেয়াদি টেকসই নীতিমালার পাশাপাশি সরকারি-বেসরকারি খাতের সমন্বয় একান্ত অপরিহার্য, সেই সঙ্গে স্বাস্থ্য খাতের অর্থায়ন স্ট্র্যাটেজি একান্ত অপরিহার্য।

ডা. মো. মোস্তাফিজুর রহমান জানান, আইসিডিডিআর,বি থেকে প্রতিবছর প্রায় ৩ লাখ রোগী ডায়রিয়ার সেবা নিচ্ছে, বাংলাদেশের স্বাস্থ্যসেবা উন্নয়নের জন্য আইসিডিডিআর,বি-এর মডেলে অন্যান্য জায়গায় অনুসরণ করা যেতে পারে। তিনি আরও বলেন, গত অক্টোবর থেকে তার প্রতিষ্ঠান ক্যানসার ডায়াগনস্টিক জেনেমিক্স নিয়ে কাজ করছে। ডেঙ্গি ভ্যাকসিন নিয়ে ইতিমধ্যে গবেষণা কার্যক্রম সম্পন্ন করেছে এবং আগামী ২ বছরের মধ্যে এ রোগের ভ্যাকসিন পাওয়া যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

ডা. ফিদা মেহরান সামগ্রিকভাবে স্বাস্থ্য খাতের উন্নয়নে সরকারি-বেসরকারি খাতের সমন্বয়ের কোনো বিকল্প নেই বলে অভিমত জ্ঞাপন করেন।

ডা. মুরাদ সুলতান বলেন, সর্বপ্রথম দেশীয় স্বাস্থ্যসেবায় আস্থা আনয়ন জরুরি, সেই সঙ্গে বিদ্যমান স্বাস্থ্যসেবা প্রদানের প্রক্রিয়া সংশোধনের কোনো বিকল্প নেই। পাশাপাশি যথাযথ নীতিমালার কার্যকর প্রয়োগ একান্ত অপরিহার্য।

মুদ্রা আলোচনায় ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি হায়দার আহমদ খান, এফসিএ, প্রাক্তন পরিচালক আলহাজ মোহাম্মদ সারফুদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. বিল্লাল হোসেন এবং মেগাহেলথ কোয়ার্টারের স্বত্বাধিকারী ইশতিয়াক আহমেদ বক্তব্য রাখেন।

# ডিসিসিআইয়ের সেমিনারে বক্তারা দেশের বাইরে চিকিৎসায় প্রতি বছর ব্যয় ৫০০ কোটি ডলার

অর্থনৈতিক রিপোর্টার

দেশীয় স্বাস্থ্যসেবায় আস্থার ঘাটতির কারণে প্রতি বছর প্রায় ৫০০ কোটি মার্কিন ডলার বিদেশে চিকিৎসা বাবদ ব্যয় হচ্ছে। সঠিক রোগ নির্ণয়ে অনিশ্চয়তা, সেবার মান নিয়ে সন্দেহ, অপ্রতুল অবকাঠামো এবং স্বাস্থ্য খাতে কম সরকারি বরাদ্দ—এ পরিস্থিতিতে আরো জটিল করে তুলছে। বিশেষজ্ঞদের মতে, এ সংকট উত্তরণে সরকারি ব্যয় বাড়ানোর পাশাপাশি বেসরকারি বিনিয়োগ ও আধুনিক প্রযুক্তি ব্যবহারে জোর দেওয়া প্রয়োজন।

গতকাল শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘বাংলাদেশের স্বাস্থ্যসেবা খাতে আস্থা বৃদ্ধি; মান নিয়ন্ত্রণে কৌশলগত কাঠামো নিশ্চিতকরণ’ শীর্ষক সেমিনারে এসব বিষয় উঠে আসে। রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার অডিটোরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে ডিসিসিআই সভাপতি তাসকীন আহমেদের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি জাতীয় অধ্যাপক একে আজাদ খান।

মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনাইটেড হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ও ডিসিসিআইয়ের সাবেক উর্ধ্বতন সহসভাপতি মালিক তালহা ইসমাইল বারী। তিনি জানান, দেশে সরকারি স্বাস্থ্য ব্যয় জিডিপি’র এক শতাংশেরও কম। মোট চিকিৎসা খরচের প্রায় ৭৩ শতাংশ রোগীরা নিজে বহন করেন। এর মধ্যে মাত্র দুই দশমিক পাঁচ শতাংশ মানুষ স্বাস্থ্য বীমার আওতায় রয়েছে। প্রায় ৮০ শতাংশ হাসপাতালে উন্নত ডায়াগনস্টিক সুবিধার অভাব রয়েছে।

তিনি আরো জানান, চিকিৎসার জন্য সবচেয়ে বেশি রোগী ভারতে যাচ্ছেন। ভারতের চিকিৎসা ভিসার প্রায় ৫২ শতাংশই

বাংলাদেশিদের জন্য ইস্যু হয়। ২০২৪ সালে প্রায় চার লাখ ৮২ হাজার বাংলাদেশি সেখানে চিকিৎসা নিয়েছেন। ভারতের পর থাইল্যান্ড, সিঙ্গাপুর ও মালয়েশিয়া জনপ্রিয় গন্তব্য হিসেবে বিবেচিত হচ্ছে। হঠাৎ বিল বৃদ্ধি, লুকানো খরচ, নকল ওষুধ এবং নিম্নমানের সামগ্রী নিয়ে উদ্বেগ রোগীদের আস্থাহীনতা বাড়াচ্ছে।

স্বাগত বক্তব্যে তাসকীন আহমেদ বলেন, স্বাস্থ্য খাতে কাঠামোগত সংস্কার ছাড়া বিশ্বাস ফিরিয়ে আনা সম্ভব নয়। প্রশিক্ষিত জনবল সংকট, অনুমোদনহীন প্রতিষ্ঠান, দুর্বল তদারকি ও আইন প্রয়োগে ঘাটতি জনস্বাস্থ্য নিরাপত্তাকে ঝুঁকিতে ফেলছে।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক একে আজাদ খান প্রাথমিক স্বাস্থ্যসেবার ওপর গুরুত্বারোপ করে বলেন, ব্যবস্থাপনার উন্নয়ন, বিকেন্দ্রীকরণ ও ডিজিটাল সেবা সম্প্রসারণের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর কাছে চিকিৎসা পৌঁছানো সম্ভব।

দক্ষিণ এশিয়ায় সরকারি স্বাস্থ্য ব্যয়ে বাংলাদেশ সবচেয়ে পিছিয়ে। মাথাপিছু সরকারি স্বাস্থ্য ব্যয় মাত্র এক হাজার ৭০ টাকা। দেশের প্রায় ৪৯ শতাংশ মানুষ এখনো মানসম্মত স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত। জনগণের জন্য কার্যকর ও উপযোগী স্বাস্থ্যসেবা কর্মসূচি এখনো পর্যাপ্ত নয়। দেশে বর্তমানে ৩৬টি স্পেশালাইজড হাসপাতাল রয়েছে। এর মধ্যে ঢাকায় ১৯টি এবং ঢাকার বাইরে ১৭টি। ঢাকা বিভাগে হাসপাতাল ও ক্লিনিকের সংখ্যা এক হাজার ৮১০টি এবং বাকি সাত বিভাগে রয়েছে তিন হাজার ৬৫১টি হাসপাতাল ও ক্লিনিক।

বর্তমানে দেশের স্বাস্থ্য খাতের বাজার প্রায় ১৪ বিলিয়ন ডলার, যা ২০৩৩ সালের মধ্যে ২৩ বিলিয়ন ডলারে পৌঁছাতে পারে। এই সম্ভাবনাকে কাজে লাগাতে সরকারি-বেসরকারি অংশীদারত্ব ও দীর্ঘমেয়াদি নীতিমালা প্রণয়নের ওপর গুরুত্ব দেওয়া হয় সেমিনারে।

# আমাদের সমস্যা

রবিবার, ১৪ ডিসেম্বর ২০২৫

ডিসিসিআই সেমিনারের তথ্য

## স্বাস্থ্যসেবায় মাথাপিছু সরকারি খরচ মাত্র ১০৭০ টাকা

নিজস্ব প্রতিবেদক •

স্বাস্থ্য খাতের ব্যয়ে বাংলাদেশ পিছিয়ে আছে। বাংলাদেশে স্বাস্থ্য খাতে ব্যয় দক্ষিণ এশিয়ায় সবচেয়ে কম। স্বাস্থ্যসেবায় মাথাপিছু সরকারি খরচ মাত্র ১ হাজার ৭০ টাকা। দেশের ৪৯ শতাংশ মানুষ এখনও মানসম্মত স্বাস্থ্যসেবা পায় না। বিদেশে চিকিৎসায় প্রতি বছর প্রায় ৫ বিলিয়ন ডলার দেশের বাইরে চলে যাচ্ছে।

গতকাল শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘বাংলাদেশের স্বাস্থ্যসেবা খাতে আস্থা বৃদ্ধি; মান নিয়ন্ত্রণের কৌশল’ শীর্ষক সেমিনারে মূল প্রবন্ধে এসব তথ্য উঠে আসে। স্বাস্থ্যসেবায় মাথাপিছু সরকারি খরচ মাত্র ১ হাজার ৭০ টাকা মানে হলো, সরকার প্রতি বছর যত টাকা স্বাস্থ্যসেবা খাতে খরচ করে, তা সুবিধাভোগীদের মাথাপিছু ভাগ করে দিয়ে মাত্র ১ হাজার ৭০ টাকা হয়।

মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনাইটেড হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ও ঢাকা চেম্বারের সাবেক সহ-সভাপতি মালিক তালহা ইসমাইল বারী। সেমিনারে স্বাস্থ্য খাতের বিভিন্ন দিক তুলে ধরেন বক্তারা।

সেমিনারের মূল প্রবন্ধে আরও বলা হয়— দেশের স্বাস্থ্য খাতের বাজার বছরে ১০ শতাংশ হারে বাড়ছে। ২০১০ সাল থেকেই এ খাতে উচ্চ প্রবৃদ্ধি দেখা যাচ্ছে। বর্তমানে দেশের স্বাস্থ্য খাতের বাজার প্রায় ১৪ বিলিয়ন ডলারের। আগামী সাত বছরের মধ্যে তা প্রায় দ্বিগুণ হয়ে ২৩ বিলিয়ন ডলারে পৌঁছতে পারে। এর মধ্যে

মেডিক্যাল যন্ত্রপাতির বাজার প্রায় ৮২০ মিলিয়ন ডলারের। রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার অডিটরিয়ামে এই সেমিনার অনুষ্ঠিত হয়। ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদের সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি জাতীয় অধ্যাপক একে আজাদ খান। বিশেষ অতিথি ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক মো. আবু জাফর।

সেমিনারে বিদেশে রোগী যাওয়ার তথ্য তুলে ধরে বলা হয়— বিদেশে চিকিৎসায় প্রতি বছর প্রায় ৫ বিলিয়ন ডলার বাইরে চলে যাচ্ছে। চিকিৎসা নিতে সবচেয়ে বেশি রোগী ভারতে যান। ভারতের চিকিৎসা ভিসার প্রায় ৫২ শতাংশ বাংলাদেশিদের। ২০২৪ সালে প্রায় ৪ লাখ ৮২ হাজার বাংলাদেশি রোগী ভারতে চিকিৎসা নিয়েছেন। চিকিৎসা নেওয়ার ক্ষেত্রে ভারতের পরে থাইল্যান্ড, সিঙ্গাপুর ও মালয়েশিয়ার অবস্থান। দেশের চিকিৎসায় বিশ্বাসের ঘাটতি রয়েছে। রোগ নির্ণয় ঠিক হচ্ছে কি না— তা নিয়ে সন্দেহ থাকে। হঠাৎ বিল বেড়ে যায় ও লুকানো খরচের ভয় থাকে। নকল ওষুধ ও নিম্নমানের সামগ্রীর আশঙ্কা থাকে।

ঢাকায় অধিকাংশ হাসপাতাল গড়ে উঠেছে জানিয়ে বলা হয়, দেশের ৩৬টি স্পেশালাইজড হাসপাতালের মধ্যে ঢাকায় ১৯টির অবস্থান ও ঢাকার বাইরে ১৭টি। ঢাকা বিভাগে হাসপাতাল ও ক্লিনিকের সংখ্যা ১ হাজার ৮১০টি। আর ৭ বিভাগে রয়েছে ৩ হাজার ৬৫১টি।

# চিকিৎসা খাতে বছরে বাইরে চলে যাচ্ছে ৫ বিলিয়ন ডলার

কাগজ প্রতিবেদক

দেশের চিকিৎসা ব্যবস্থায় আস্থার অভাব রয়েছে। সঠিক রোগ নির্ণয় না হওয়া ও অনুন্নত সেবা ব্যবস্থাপনার কারণে চিকিৎসা ব্যয়ে প্রতি বছর প্রায় ৫ বিলিয়ন ডলার দেশের বাইরে চলে যাচ্ছে। এর বাইরে স্বাস্থ্য খাতে জিডিপি মাত্র ১ শতাংশেরও কম বরাদ্দ অন্যতম কারণ। তাই স্বাস্থ্য খাতে সরকারি বরাদ্দ যেমন বাড়তে হবে তেমনি উন্নত চিকিৎসার জন্যে বেসরকারি খাতেও বিনিয়োগ আরো বাড়ানো দরকার। চিকিৎসায় আরো উন্নত যন্ত্র ও উন্নত প্রযুক্তির ব্যবহার ঘটাতে হবে।

‘বাংলাদেশের স্বাস্থ্যসেবা খাতে আস্থা বৃদ্ধি; মান নিয়ন্ত্রণে কৌশলগত কাঠামো নিশ্চিতকরণ’ শীর্ষক সেমিনারে মূল প্রবন্ধে এসব তথ্য জানানো হয়। গতকাল শনিবার ঢাকা চেম্বার অডিটোরিয়ামে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) এই সেমিনারের আয়োজন করে। ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদের সভাপতিত্বে এতে প্রধান অতিথি

## ডিসিসিআইর সেমিনার

- আস্থার অভাবেই রোগীরা বিদেশমুখী হন
- স্বাস্থ্যে বরাদ্দ জিডিপি ১ শতাংশের কম
- ৮০ ভাগ হাসপাতালে নেই উন্নত যন্ত্রপাতি
- বেসরকারি খাত ৬০ শতাংশ সেবা দিলেও উচ্চমূল্য ও গুণগত মানের পার্থক্য রয়েছে

ছিলেন বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি এবং স্বাস্থ্য খাত সংস্কার কমিশনের প্রধান জাতীয় অধ্যাপক এ কে আজাদ খান। বিশেষ অতিথি ছিলেন স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক অধ্যাপক ডা. মো. আবু জাফর। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনাইটেড হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ও ঢাকা চেম্বারের সাবেক উর্ধ্বতন সহসভাপতি মালিক তালহা ইসমাইল বারী। অনুষ্ঠানের স্বাগত বক্তব্য দেন ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ। নির্ধারিত আলোচনায় গ্রিন লাইফ সেন্টারের

চিফ কনসালটেন্ট অধ্যাপক ডা. সৈয়দ আতিকুল হক, নর্থ সাউথ ইউনিভার্সিটির স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সের ডিন অধ্যাপক ডা. দীপক কুমার মিত্র, ইউনিভার্সেল মেডিকেল কলেজ ও হাসপাতালের চেয়ারম্যান প্রীতি চক্রবর্তী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ডা. শাফিউন নাহিন শিমুল, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজর মহাসচিব ডা. মো. জাকির হোসেন, আইসিডিডিআরবির সংক্রামক রোগ বিভাগের সিনিয়র সায়েন্টিস্ট ডা.

মো. মোস্তাফিজুর রহমান, সেভ দ্য চিলড্রেন ইন্টারন্যাশনাল, বাংলাদেশের ম্যানেজার (পলিসি অ্যাডভোকেসি) ডা. মুশারাত জাহান, ইউনিসেফ বাংলাদেশের হেলথ সিস্টেমস স্পেশালিস্ট ডা. ফিদা মেহরান এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও), বাংলাদেশের ন্যাশনাল প্রফেশনাল অফিসার (রোগী নিরাপত্তা ও রক্ত নিরাপত্তা) ডা. মুরাদ সুলতান।

মূল প্রবন্ধে বলা হয়, দেশে উন্নত স্বাস্থ্যসেবা পাওয়ার পথে বেশ কিছু বড় চ্যালেঞ্জ রয়েছে। এর মধ্যে সরকারি স্বাস্থ্য ব্যয়ে বরাদ্দ জিডিপি ১ শতাংশেরও কম। রোগীরা ৭৩ শতাংশ চিকিৎসা খরচ নিজে বহন করেন। মাত্র ২ দশমিক ৫ শতাংশ মানুষ স্বাস্থ্য বিমার আওয়াতায় রয়েছেন। প্রায় ৮০ শতাংশ হাসপাতালেই উন্নত ডায়াগনস্টিক যন্ত্রপাতি নেই। বেসরকারি খাত ৬০ শতাংশ সেবা দিলেও, তাতে উচ্চমূল্য ও গুণগত মানের পার্থক্য রয়েছে। বিদেশে চিকিৎসায় প্রতি বছর প্রায় ৫ বিলিয়ন ডলার বাইরে

চলে যাচ্ছে। চিকিৎসা নিতে সবচেয়ে বেশি রোগী ভারতে যান। ভারতের চিকিৎসা ভিসার প্রায় ৫২ শতাংশ বাংলাদেশিদের। ২০২৪ সালে প্রায় ৪ লাখ ৮২ হাজার বাংলাদেশি রোগী ভারতে চিকিৎসা নিয়েছেন। চিকিৎসা নেয়ার ক্ষেত্রে ভারতের পরে থাইল্যান্ড, সিঙ্গাপুর ও মালয়েশিয়ার অবস্থান। দেশের চিকিৎসায় বিশ্বাসের ঘাটতি রয়েছে। রোগ নির্ণয় ঠিক হচ্ছে কিনা তা নিয়ে সন্দেহ থাকে। হঠাৎ বিল বেড়ে যায় ও লুকানো খরচের ভয় থাকে। নকল ওষুধ ও নিলুমানের সামগ্রীর আশঙ্কা।

এতে আরো বলা হয়, সেবা মানে ঘাটতি ও স্বাস্থ্য কর্মীদের দক্ষতা কম। বিশেষজ্ঞ চিকিৎসার অভাব রয়েছে। উন্নত চিকিৎসা শুধু ১৫টি কেন্দ্রে পাওয়া যায়, অনেক রোগী বিদেশে যেতে বাধ্য হন। এর বাইরে চিকিৎসার খরচ পূর্বে নির্ধারিত নেই। জটিল রোগের পরবর্তী সেবা পর্যাপ্ত নয়। একক স্বাস্থ্য তথ্য ব্যবস্থা নেই। স্বাস্থ্য প্রোগ্রামের তদারকি ও ক্রয় ব্যবস্থায় দুর্বলতা। একই সঙ্গে রোগী ও পরিবারের মধ্যে স্বাস্থ্যসেবায় আস্থা কম। এসব কারণে রোগীরা দেশের বাইরে যাচ্ছেন।

প্রবন্ধের তথ্য অনুযায়ী, দেশের ৩৬টি স্পেশালাইজড হাসপাতালের মধ্যে ঢাকায় ১৯টির অবস্থান ও ঢাকার বাইরে ১৭টি। ঢাকা বিভাগে হাসপাতাল ও ক্লিনিকের সংখ্যা ১ হাজার ৮১০টি। আর ৭ বিভাগে রয়েছে ৩ হাজার ৬৫১টি। বাংলাদেশ সরকারি স্বাস্থ্য ব্যয় দক্ষিণ এশিয়ায় সবচেয়ে কম, মাথাপিছু খরচ মাত্র ১ হাজার ৭০ টাকা। দেশের ৪৯ শতাংশ মানুষ এখনো মানসম্মত স্বাস্থ্যসেবা পায় না। মানুষের জন্য সরকারের উপযোগী স্বাস্থ্যসেবা কার্যক্রম এখনো যথেষ্ট নয়।

প্রবন্ধে জানানো হয়, ২০২৫ সালে বাংলাদেশের স্বাস্থ্য খাতের বাজার ১৪ বিলিয়ন মার্কিন ডলার হবে বলে ধারণা করা হচ্ছে। আগামী ২০৩০-২০৩৩ সালের মধ্যে বাংলাদেশের স্বাস্থ্য খাতের বাজার প্রায় ২৩ বিলিয়ন ডলার হবে, অর্থাৎ এই খাতের আকার প্রায় দ্বিগুণ হয়ে যাবে। দেশে একই সময়ে মেডিকেল ডিভাইসের বাজারও দ্রুত বাড়ছে। ২০২৫ সালে এটি ৮২০ মিলিয়ন ডলার ছাড়িয়ে যাবে- যা ২০২০ সালে ছিল ৪৪২ মিলিয়ন ডলার।

বিশেষ করে আমদানির চাহিদা বাড়ার কারণে এই খাতে প্রবৃদ্ধি দেখা যাচ্ছে। বাংলাদেশের স্বাস্থ্য খাতের শক্তিশালী প্রবৃদ্ধি দেশের অর্থনীতি ও স্বাস্থ্যসেবা খাতে নতুন সুযোগ সৃষ্টি করতে সহায়ক হবে বলে আশা করা হচ্ছে। তাই এ খাতে সরকারি ও বেসরকারি আরো বিনিয়োগ প্রয়োজন।

সেমিনারে বক্তারা বলেন, স্বাস্থ্য খাতে জিডিপি মাত্র ১ শতাংশ বরাদ্দ, অপ্রতুল অবকাঠামো ও নতুন প্রযুক্তি ব্যবহারে পিছিয়ে থাকা, দক্ষ মানবসম্পদের ঘাটতি, সেবা প্রাপ্তিতে উচ্চ ব্যয়, ব্যবস্থাপনার ঘাটতি, বিদ্যমান

নীতিমালার তদারকির অভাবের কারণে দেশের স্বাস্থ্য খাতে কাঙ্ক্ষিত উন্নয়ন পরিলক্ষিত হয়নি। তাই এ খাতের সামগ্রিক উন্নয়নে সরকারি-বেসরকারি খাতের সমন্বয় বাড়ানোর পাশাপাশি জনগণের সম্পৃক্ততা বাড়ানোর ওপর জোর দেন তারা।

অধ্যাপক ডা. এ কে আজাদ খান বলেন, আমাদের স্বাস্থ্যসেবায় বেশ অর্জন হয়েছে, তবে সামগ্রিকভাবে কাঙ্ক্ষিত মান নিশ্চিত করা যায়নি, এক্ষেত্রে সরকারকে এগিয়ে আসতে হবে। দেশের স্বাস্থ্যসেবার মান উন্নত দেশগুলোর মতো নয়, এমনকি পার্শ্ববর্তী দেশগুলোর চেয়ে আমরা পিছিয়ে রয়েছি।

তিনি আরো বলেন, বাংলাদেশের পক্ষে সর্বজনীন স্বাস্থ্যসেবা নিশ্চিত করা সম্ভব নয়, তবে আমাদের প্রাইমারি হেলথ কেয়ারের ওপর বেশি জোর দিতে হবে। এ খাতের ব্যবস্থাপনায় উন্নয়নের পাশাপাশি বিকেন্দ্রীকরণের কোনো বিকল্প নেই। ডিজিটাল হেলথ কেয়ার কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গ্রামীণ পর্যায় স্বাস্থ্যসেবার সম্প্রসারণ করা সম্ভব। সেই চিকিৎসা শিক্ষাক্রম আধুনিকায়নের পাশাপাশি এ খাতে গবেষণা কার্যক্রম বাড়ানোর জন্য প্রয়োজনীয় পরিবেশ নিশ্চিত করার ওপর তিনি জোর দেন।

তাসকীন আহমেদ বলেন, দেশে মানসম্মত ও রোগীবান্ধব সেবা নিশ্চিতে এখনো কাঠামোগত ঘাটতি রয়ে গেছে, এছাড়া সরকারি-বেসরকারি খাতে স্বাস্থ্যসেবা মানের অসমতা, প্রশিক্ষিত মানবসম্পদের ঘাটতি, অনুমোদনহীন ক্লিনিক ও ফার্মেসির সম্প্রসারণ, ভুল ডায়াগনস্টিক রিপোর্ট, নকল ও ভেজাল ওষুধ ও তদারকির দুর্বলতা, আধুনিক প্রযুক্তি ব্যবহারে সীমাবদ্ধতা এবং সর্বোপরি বিদ্যমান আইনে বাস্তবায়নে উদাসীনতা আমাদের জনস্বাস্থ্য নিরাপত্তা এবং আস্থাকে ক্রমাগত ক্ষতিগ্রস্ত করছে।

তিনি আরো বলেন, বাংলাদেশে স্বাস্থ্য বিমা ব্যবস্থাপনার কার্যকর ব্যবহার না থাকার কারণে মোট স্বাস্থ্য ব্যয়ের প্রায় ৭৪ শতাংশ ব্যক্তিকে নিজস্ব ব্যয়ে বহন করতে হয়- যা নিম্ন ও মধ্য আয়ের জনগোষ্ঠীর জন্য আর্থিকভাবে বড় ঝুঁকিতে পড়ে থাকেন। এ অবস্থায় দেশে একটি টেকসই স্বাস্থ্যব্যবস্থা নিশ্চিতের লক্ষ্যে সামগ্রিক এ খাতে বিদেশি বিনিয়োগ, সরকারি-বেসরকারি অংশীদারিত্ব জোরদার, আধুনিক চিকিৎসা প্রযুক্তি, নার্সিং, ল্যাব সায়েন্স ও স্বাস্থ্য ব্যবস্থাপনায় দক্ষ জনবল উন্নয়ন, সঠিক নীতিমালা বাস্তবায়ন এবং দক্ষ ব্যবস্থাপনার সমন্বিত প্রয়োগ অপরিহার্য বলে মনে করেন, তাসকীন আহমেদ। পাশাপাশি বাংলাদেশের সব স্তরের মানুষের স্বাস্থ্যবান্ধব পরিবেশ নিশ্চিত একটি শক্তিশালী হেলথ রেগুলেটরি ফ্রেমওয়ার্ক গড়ে তোলার ওপর গুরুত্বারোপ করেন ডিসিসিআই সভাপতি।

অধ্যাপক ডা. সৈয়দ আতিকুল হক বলেন, যেহেতু দেশের বেশির ভাগ লোকই সরকারি

খাতের হাসপাতালে চিকিৎসাসেবা নিয়ে থাকে, তাই সরকারি হাসপাতালগুলোতে সর্বোত্তম মান উন্নয়ন ও নিশ্চিতের কোনো বিকল্প নেই। এ খাতের সব স্তরের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা প্রয়োজন বলে তিনি মতপ্রকাশ করেন।

প্রীতি চক্রবর্তী বলেন, দেশীয় স্বাস্থ্য খাতের বাজার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে এবং এ খাতের আস্থা ফিরাতে সরকারি-বেসরকারি খাত ও জনগণকে একযোগে কাজ করতে হবে, পাশাপাশি এ খাতে পিপিপি মডেলের ব্যবহার করার সুযোগ রয়েছে। আমাদের চিকিৎসা শিক্ষায় অংশ নেয়া বিদেশি শিক্ষার্থীরা প্রতি বছর ২ হাজার কোটি টাকা ব্যয় করেন, যদিও কাঙ্ক্ষিত চিকিৎসা প্রাপ্তি অসংখ্য বাংলাদেশি অন্যান্য দেশে সেবা নিয়ে থাকেন, তাই বিষয়টি নিয়ে সচেতনভাবে চিন্তার প্রয়োজন রয়েছে।

অধ্যাপক ডা. শাফিউন নাহিন শিমুল বলেন, স্বাস্থ্য খাতের আস্থা বাড়তে সেবা প্রদানকারীদের সঙ্গে রোগীদের যোগাযোগ বৃদ্ধি, স্বাস্থ্যবিষয়ক নেতিবাচক সংবাদ পরিহার এবং সর্বোপরি প্রাথমিক স্বাস্থ্যসেবার ওপর গুরুত্বারোপ করা প্রয়োজন।

ডা. মো. জাকির হোসেন বলেন, প্রয়োজনীয় নীতি সহায়তার কারণে বাংলাদেশের ৯৭ শতাংশ ওষুধ স্থানীয়ভাবে উৎপাদিত হচ্ছে এবং ১৬০টি দেশে রপ্তানি হচ্ছে, তার মানে হলো- আমাদের উৎপাদিত ওষুধের ওপর আস্থা রয়েছে, তবে বাংলাদেশের স্বাস্থ্য নীতি ২০১১ সালে হলেও গত ১৪ বছরেও তা যুগোপযোগী করা এবং সার্বিকভাবে স্বাস্থ্য খাতের কোনো সমন্বিত নীতিমালা নেই। তাই এ খাতের জন্য দীর্ঘমেয়াদি টেকসই নীতিমালার পাশাপাশি সরকারি-বেসরকারি খাতের সমন্বয় একান্ত অপরিহার্য, সেই সঙ্গে স্বাস্থ্য খাতের অর্থায়ন স্ট্রাটেজি একান্ত অপরিহার্য।

ডা. মো. মোস্তাফিজুর রহমান জানান, আইসিডিডিআর, বি হতে প্রতি বছর প্রায় ৩ লাখ রোগী ডায়েরিয়া সেবা নিচ্ছে, বাংলাদেশের স্বাস্থ্যসেবা উন্নয়নের জন্য আইসিডিডিআরবির মডেলে অন্যান্য জায়গায় অনুসরণ করা যেতে পারে। গত অক্টোবর হতে এই প্রতিষ্ঠান ক্যানসার ডায়াগনস্টিক জেনেমিক্স নিয়ে কাজ করছে। ডেঙ্গি ভ্যাকসিন নিয়ে ইতোমধ্যে গবেষণা কার্যক্রম সম্পন্ন করেছে এবং আগামী ২ বছরের মধ্যে এ রোগের ভ্যাকসিন পাওয়া যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি।

ডা. ফিদা মেহরান সামগ্রিকভাবে স্বাস্থ্য খাতের উন্নয়নে সরকারি-বেসরকারি খাতের সমন্বয়ের কোনো বিকল্প নেই বলে মন্তব্য করেন।

ডা. মুরাদ সুলতান বলেন, সর্বপ্রথম দেশীয় স্বাস্থ্যসেবায় আস্থা আনয়ন জরুরি, সেই সঙ্গে বিদ্যমান স্বাস্থ্যসেবা প্রদানের প্রক্রিয়া সংশোধনের কোনো বিকল্প নেই। পাশাপাশি যথাযথ নীতিমালার কার্যকর প্রয়োগ একান্ত অপরিহার্য।

# বিদেশে চিকিৎসা নিতে বছরে খরচ ৫ বিলিয়ন ডলার

ডিসিসিআই

প্রবাস প্রতিবেদক

চিকিৎসা ব্যয়ে প্রতিবছর প্রায় ৫ বিলিয়ন ডলার দেশের বাইরে চলে যাচ্ছে। দেশের চিকিৎসা ব্যবস্থায় আস্থার অভাব, সঠিক রোগ নির্ণয় না হওয়া ও অনুন্নত সেবা ব্যবস্থাপনার কারণে এমনটি হচ্ছে। এর বাইরে স্বাস্থ্য খাতে জিডিপি মাত্র ১ শতাংশেরও কম বরাদ্দ অন্যতম কারণ। তাই স্বাস্থ্য খাতে সরকারি ব্যয় যেমন বাড়তে হবে, তেমনি উন্নত চিকিৎসার জন্যে বেসরকারি খাতেও বিনিয়োগ আরও বাড়ানো দরকার। চিকিৎসায় আরও উন্নত যন্ত্র ও উন্নতি প্রযুক্তির ব্যবহার ঘটাতে হবে।

গতকাল শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) অডিটোরিয়ামে আয়োজিত 'বাংলাদেশের স্বাস্থ্যসেবা খাতে আস্থা বৃদ্ধি; মান নিয়ন্ত্রণে কৌশলগত কাঠামো নিশ্চিতকরণ' শীর্ষক সেমিনারে মূল প্রবন্ধে এসব কথা বলা হয়েছে।

চেম্বার সভাপতি তাসকীন আহমেদের সভাপতিত্বে সেমিনারে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি জাতীয় অধ্যাপক একে আজাদ খান। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনাইটেড হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ও ঢাকা চেম্বারের সাবেক উর্ধ্বতন সহ-সভাপতি মালিক তালহা ইসমাইল বারী।

স্বাগত বক্তব্যে সভাপতি তাসকীন আহমেদ বলেন, দেশে মানসম্মত ও রোগীবান্ধব সেবা নিশ্চিতে এখনও কাঠামোগত ঘাটতি রয়ে গেছে। এ ছাড়াও সরকারি-বেসরকারি খাতে স্বাস্থ্যসেবা মানের অসমতা, প্রশিক্ষিত মানবসম্পদের ঘাটতি, অনুমোদনহীন ক্লিনিক ও ফার্মেসির সম্প্রসারণ, ভুল ডায়াগনস্টিক রিপোর্ট, ভুয়া ওষুধ ও তদারকি দুর্বলতা, আধুনিক প্রযুক্তি ব্যবহারে সীমাবদ্ধতা এবং সর্বোপরি বিদ্যমান আইনে বাস্তবায়নে উদাসীনতা আমাদের জনস্বাস্থ্য নিরাপত্তা এবং আস্থাকে ক্রমাগত ক্ষতিগ্রস্ত করছে।

তিনি উল্লেখ করেন, বাংলাদেশে স্বাস্থ্য বীমা ব্যবস্থাপনার কার্যকর ব্যবহার না থাকার কারণে মোট স্বাস্থ্য ব্যয়ের প্রায় ৭৪% ব্যক্তিকে নিজস্ব ব্যয়ে বহন করতে হয়। যে কারণে নিম্ন ও মধ্য আয়ের জনগোষ্ঠী আর্থিকভাবে বড় ঝুঁকিতে পড়েন।

বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি একে আজাদ খান বলেন, আমাদের স্বাস্থ্যসেবায় বেশ অর্জন রয়েছে। তবে সামগ্রিকভাবে কাজক্ষিত মান নিশ্চিত করা যায়নি। দেশের স্বাস্থ্যসেবার মান উন্নত দেশগুলোর মতো নয়, এমনকি পার্শ্ববর্তী দেশগুলোর চেয়ে আমরা পিছিয়ে রয়েছি।

তিনি বলেন, বাংলাদেশের পক্ষে ইউনিভার্সেল স্বাস্থ্যসেবা নিশ্চিত করা সম্ভব নয়, তবে আমাদেরকে প্রাইমারি হেলথ কেয়ারের ওপর জোর দিতে হবে। এ খাতের ব্যবস্থাপনায় উন্নয়নের পাশাপাশি বিকেন্দ্রীকরণের কোনো বিকল্প নেই। তিনি আরও বলেন, ডিজিটাল হেলথ কেয়ার কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গ্রামীণ পর্যায় স্বাস্থ্যসেবার সম্প্রসারণ করা সম্ভব।

মূল প্রবন্ধে বলা হয়, দেশে উন্নত স্বাস্থ্যসেবা পাওয়ার পথে বেশকিছু বড় চ্যালেঞ্জ রয়েছে। এর মধ্যে



শনিবার ঢাকা চেম্বার অডিটোরিয়ামে আয়োজিত সেমিনারে অতিথিরা

। সংগৃহীত

সরকারি স্বাস্থ্য ব্যয়ে বরাদ্দ জিডিপি ১ শতাংশেরও কম। রোগীরা ৭৩ শতাংশ চিকিৎসা খরচ নিজে বহন করেন। মাত্র ২.৫ শতাংশ মানুষ স্বাস্থ্য বীমার আওতায় রয়েছেন। প্রায় ৮০ শতাংশ হাসপাতালেই উন্নত ডায়াগনস্টিক যন্ত্রপাতি নেই। বেসরকারি খাত ৬০ শতাংশ সেবা দিলেও, তাতে উচ্চমূল্য ও গুণগত মানের পার্থক্য রয়েছে।

প্রবন্ধে আরও বলা হয়, বিদেশে চিকিৎসায় প্রতিবছর প্রায় ৫ বিলিয়ন ডলার বাইরে চলে যাচ্ছে। চিকিৎসা নিতে সবচেয়ে বেশি রোগী ভারতে যান। ভারতের চিকিৎসা ভিসার প্রায় ৫২ শতাংশ বাংলাদেশি। ২০২৪ সালে প্রায় ৪ লাখ ৮২ হাজার বাংলাদেশি রোগী ভারতে চিকিৎসা নিয়েছেন। চিকিৎসা নেওয়ার ক্ষেত্রে ভারতের পরে থাইল্যান্ড, সিঙ্গাপুর ও মালয়েশিয়ার অবস্থান। দেশের চিকিৎসায় বিশ্বাসের ঘাটতি রয়েছে। রোগ নির্ণয় ঠিক হচ্ছে কি না তা নিয়ে সন্দেহ থাকে। হঠাৎ বিল বেড়ে যায় ও লুকানো খরচের ভয় থাকে। নকল ওষুধ ও নিম্নমানের সামগ্রীর আশঙ্কা।

এতে বলা হয়, সেবার মানে ঘাটতি ও স্বাস্থ্যকর্মীদের দক্ষতা কম। বিশেষজ্ঞ চিকিৎসার অভাব রয়েছে। উন্নত চিকিৎসা শুধু ১৫টি কেন্দ্রে পাওয়া যায়, অনেক রোগী বিদেশে যেতে বাধ্য হন। এর বাইরে চিকিৎসার খরচ পূর্বে নির্ধারিত নেই। জটিল রোগের পরবর্তী সেবা পর্যাপ্ত নয়। একক স্বাস্থ্য তথ্য ব্যবস্থা নেই। স্বাস্থ্য প্রোগ্রামের তদারকি ও ক্রয় ব্যবস্থায় দুর্বলতা। একই সঙ্গে রোগী ও পরিবারের মধ্যে স্বাস্থ্যসেবায় আস্থা কম। এসব কারণে রোগীরা দেশের বাইরে যাচ্ছেন।

প্রবন্ধে আরও বলা হয়, দেশের ৩৬টি স্পেশালাইজড হাসপাতালের মধ্যে ঢাকায় ১৯টির অবস্থান ও ঢাকার বাইরে ১৭টি। ঢাকা বিভাগে হাসপাতাল ও ক্লিনিকের সংখ্যা ১ হাজার ৮১০টি। আর ৭ বিভাগে রয়েছে ৩ হাজার ৬৫১টি।

এতে আরও বলা হয়, বাংলাদেশ সরকারি স্বাস্থ্য ব্যয় দক্ষিণ এশিয়ায় সবচেয়ে কম, মাথাপিছু খরচ মাত্র ১

হাজার ৭০ টাকা। দেশের ৪৯ শতাংশ মানুষ এখনও মানসম্মত স্বাস্থ্যসেবা পায় না। মানুষের জন্য সরকারের উপযোগী স্বাস্থ্যসেবা কার্যক্রম এখনও যথেষ্ট নয়।

প্রবন্ধে জানানো হয়, ২০২৫ সালে বাংলাদেশের স্বাস্থ্য খাতের বাজার ১৪ বিলিয়ন মার্কিন ডলার হবে বলে ধারণা করা হচ্ছে। আগামী ২০৩০-৩৩ সালের মধ্যে বাংলাদেশের স্বাস্থ্য খাতের বাজার প্রায় ২৩ বিলিয়ন ডলার হবে অর্থাৎ এই খাতের আকার প্রায় দ্বিগুণ হয়ে যাবে। দেশে একই সময়ে মেডিকেল ডিভাইসের বাজারও দ্রুত বৃদ্ধি পাচ্ছে। ২০২৫ সালে এটি ৮২০ মিলিয়ন ডলার ছাড়িয়ে যাবে, যা ২০২০ সালে ছিল ৪৪২ মিলিয়ন ডলার। বিশেষ করে আমদানির চাহিদা বৃদ্ধির কারণে এই খাতে প্রবৃদ্ধি দেখা যাচ্ছে। বাংলাদেশের স্বাস্থ্য খাতের শক্তিশালী প্রবৃদ্ধি দেশের অর্থনীতি ও স্বাস্থ্যসেবা খাতে নতুন সুযোগ সৃষ্টি করতে সহায়ক হবে বলে আশা করা হচ্ছে। তাই এ খাতে সরকারি ও বেসরকারি আরও বিনিয়োগ প্রয়োজন।

অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় গ্রিন লাইফ সেন্টারের চিফ কনসালট্যান্ট অধ্যাপক সৈয়দ আতিকুল হক, নর্থ সাউথ ইউনিভার্সিটির স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সের ডিন অধ্যাপক ডা. দীপক কুমার মিত্র, ইউনিভার্সেল মেডিকেল কলেজ ও হাসপাতালের চেয়ারম্যান প্রীতি চক্রবর্তী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ডা. শাফিউন নাহিন শিমুল, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজের সেক্রেটারি জেনারেল ডা. মো. জাকির হোসেন, আইসিডিডিআর/বির সংক্রামক রোগ বিভাগের সিনিয়র সায়েন্টিস্ট ডা. মো. মোস্তাফিজুর রহমান, সেভ দ্য চিলড্রেন ইন্টারন্যাশনাল, বাংলাদেশ-এর ম্যানেজার (পলিসি অ্যাডভোকেসি) ডা. মুশারাত জাহান, ইউনিসেফ বাংলাদেশ-এর হেলথ সিস্টেমস স্পেশালিস্ট ডা. ফিদা মেহরান এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও), বাংলাদেশের ন্যাশনাল প্রফেশনাল অফিসার (রোগী নিরাপত্তা ও রক্ত নিরাপত্তা) ডা. মুরাদ সুলতান অংশগ্রহণ করেন।

## স্বাস্থ্যসেবায় কাঠামোগত সংস্কার অপরিহার্য



ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সেমিনারে বিশেষজ্ঞরা জানিয়েছেন, দেশের স্বাস্থ্য খাতে আস্থা বৃদ্ধির জন্য কাঠামোগত সংস্কার ও কার্যকর নীতিমালার প্রয়োগ ছাড়া বিকল্প নেই। গতকাল মতিঝিলে ডিসিসিআই অডিটোরিয়ামে 'বাংলাদেশের স্বাস্থ্য সেবা খাতে আস্থা বৃদ্ধি; মান নিয়ন্ত্রণে কৌশলগত কাঠামো নিশ্চিতকরণ' শীর্ষক আলোচনায় বক্তারা এসব কথা বলেন। সেমিনারে বক্তারা আরও বলেন, স্বাস্থ্য খাতে বাজেট কম, অবকাঠামো সীমিত এবং দক্ষ জনবল সংকটে রোগীরা প্রায়ই বিদেশে চিকিৎসা নিতে বাধ্য হচ্ছেন।

বিশেষজ্ঞরা সরকারের পাশাপাশি বেসরকারি খাত ও জনগণকে একযোগে কাজ করার প্রয়োজনীয়তা উল্লেখ করেন। দেশের স্বাস্থ্য খাতে আস্থা এবং মান নিশ্চিত করতে কাঠামোগত সংস্কার, আধুনিক প্রযুক্তি ব্যবহার, দক্ষ জনবল উন্নয়ন এবং কার্যকর নীতিমালার প্রয়োগ একমাত্র সমাধান।

## স্বাস্থ্য খাতের সামগ্রিক উন্নয়নে সরকারি-বেসরকারি খাতের সমন্বয় বৃদ্ধি অপরিহার্য: বক্তারা



ঢাকা, ১৩ ডিসেম্বর, ২০২৫ (বাসস): আজ এক সেমিনারে বক্তারা বলেছেন, স্বাস্থ্য খাতের সামগ্রিক উন্নয়নের জন্য সরকারি-বেসরকারি খাতের মধ্যে সমন্বয় বৃদ্ধির পাশাপাশি জনসাধারণের সম্পৃক্ততা বৃদ্ধি অপরিহার্য।

রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘বাংলাদেশের স্বাস্থ্য সেবা খাতে আস্থা বৃদ্ধি: মান নিয়ন্ত্রণে কৌশলগত কাঠামো নিশ্চিতকরণ’ শীর্ষক সেমিনারে বক্তারা এসব কথা বলেন।

বক্তারা বলেন, স্বাস্থ্য খাতে জিডিপির মাত্র ১ শতাংশ বরাদ্দ, অপ্রতুল অবকাঠামো ও নতুন প্রযুক্তি ব্যবহারে পিছিয়ে থাকা, দক্ষ মানবসম্পদ ঘাটতি, সেবা প্রাপ্তিতে উচ্চ ব্যয়, ব্যবস্থাপনার ঘাটতি, বিদ্যমান নীতিমালার তদারকির অভাবের কারণে দেশের স্বাস্থ্যখাতে কাজিফত উন্নয়ন পরিলক্ষিত হয়নি।

ডিসিসিআই আয়োজিত সেমিনারে বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি জাতীয় অধ্যাপক এ কে আজাদ খান প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে এ কে আজাদ খান বলেন, আমাদের স্বাস্থ্য সেবায় বেশ অর্জন রয়েছে, তবে সামগ্রিকভাবে কাজিফত মান নিশ্চিতের করা যায়নি, এক্ষেত্রে সরকারকে এগিয়ে আসতে হবে।

তিনি জানান, বাংলাদেশের স্বাস্থ্য সেবার মান উন্নত দেশগুলোর মতো নয়, এমনকি পার্শ্ববর্তী দেশগুলোর চেয়ে আমরা পিছিয়ে রয়েছি। তিনি উল্লেখ করেন, বাংলাদেশের পক্ষে ইউনিভার্সাল স্বাস্থ্য সেবা নিশ্চিত করা সম্ভব নয়, তবে আমাদেরকে প্রাইমারি হেলথ কেয়ারের উপর বেশি জোর দিতে হবে। এ খাতের ব্যবস্থাপনায় উন্নয়নের পাশাপাশি বিকেন্দ্রীকরণের কোনো বিকল্প নেই বলে তিনি অভিমত প্রকাশ করেন।

তিনি আরও বলেন, ডিজিটাল হেলথ কেয়ার কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গ্রামীণ পর্যায়ে স্বাস্থ্য সেবার সম্প্রসারণ করা সম্ভব। সেই চিকিৎসা শিক্ষাক্রম আধুনিকায়নের পাশাপাশি এ খাতে গবেষণা কার্যক্রম বাড়ানোর জন্য প্রয়োজনীয় পরিবেশ নিশ্চিত করার উপর তিনি গুরুত্বারোপ করেন।

স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, দেশে মানসম্মত ও রোগীবান্ধব সেবা নিশ্চিতে এখনও কাঠামোগত ঘাটতি রয়ে গেছে। এছাড়াও সরকারি-বেসরকারি খাতে স্বাস্থ্য সেবা মানের অসমতা, প্রশিক্ষিত মানবসম্পদের ঘাটতি, অনুমোদনহীন ক্লিনিক ও ফার্মেসির সম্প্রসারণ, ভুল ডায়াগনস্টিক রিপোর্ট, ভুয়া ওষুধ ও তদারকি দুর্বলতা, আধুনিক প্রযুক্তি ব্যবহারে সীমাবদ্ধতা এবং সর্বোপরি বিদ্যমান আইন বাস্তবায়নে উদাসীনতা আমাদের জনস্বাস্থ্য নিরাপত্তা এবং আস্থাকে ক্রমাগত ক্ষতিগ্রস্ত করছে।

তিনি উল্লেখ করেন, বাংলাদেশে স্বাস্থ্য বীমা ব্যবস্থাপনার কার্যকর ব্যবহার না থাকার কারণে মোট স্বাস্থ্য ব্যয়ের প্রায় ৭৪ শতাংশ ব্যক্তিকে নিজস্ব ব্যয়ে বহন করতে হয়। যা নিম্ন ও মধ্য আয়ের জনগোষ্ঠীর জন্য আর্থিকভাবে বড় ঝুঁকি।

এমতাবস্থায় দেশে একটি টেকসই স্বাস্থ্যব্যবস্থা নিশ্চিতের লক্ষ্যে সামগ্রিকভাবে এ খাতে বিদেশি বিনিয়োগ, সরকারি-বেসরকারি অংশীদারিত্ব জোরদার, আধুনিক চিকিৎসা প্রযুক্তি, নার্সিং, ল্যাব সায়েন্স ও স্বাস্থ্য ব্যবস্থাপনায় দক্ষ জনবল উন্নয়ন, সঠিক নীতিমালা বাস্তবায়ন এবং দক্ষ ব্যবস্থাপনার সমন্বিত প্রয়োগ অপরিহার্য বলে মনে করেন তাসকীন আহমেদ।

পাশাপাশি বাংলাদেশের সকল স্তরের মানুষের স্বাস্থ্যবান্ধব পরিবেশ নিশ্চিত একটি শক্তিশালী হেলথ রেগুলেটরি ফ্রেমওয়ার্ক গড়ে তোলার উপর জোরারোপ করেন ডিসিসিআই সভাপতি।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনাইটেড হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ও ঢাকা চেম্বারের সাবেক উর্ধ্বতন সহ-সভাপতি মালিক তালহা ইসমাইল বারী। তিনি বলেন, স্বাস্থ্য খাতে বাংলাদেশ সরকারের জনপ্রতি বাৎসরিক ব্যয় ১ হাজার ৭০ টাকা এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য মতে প্রায় ৪৯ শতাংশ জনগণ গুণগত স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত।

তিনি আরও বলেন, যদিও বর্তমানে এ খাতের মোট বাজার প্রায় ১৪ বিলিয়ন মার্কিন ডলার এবং ২০৩৩ সালে তা ২৩ বিলিয়নে উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে। স্বল্প বাজেট বরাদ্দ ও অদক্ষ ব্যবস্থাপনা, শহর-গ্রামে স্বাস্থ্যসেবার বৈষম্য, সেবার মান ও আস্থার ঘাটতি, দক্ষ স্বাস্থ্যকর্মীর সংকট, ক্রমবর্ধমান স্বাস্থ্যসেবা ব্যয়, অপ্রতুল অবকাঠামো এবং নিয়ন্ত্রক ব্যবস্থার দুর্বলতা এ খাতের অন্যতম প্রতিবন্ধকতা।

তিনি বলেন, তুলনামূলকভাবে ভালো স্বাস্থ্য সেবা প্রাপ্তির লক্ষ্যে জনগণের একটি বড় অংশ বিদেশে চিকিৎসা নিচ্ছে এবং এ বাবদ প্রতিবছর প্রায় ৫ বিলিয়ন মার্কিন ডলার বাইরে চলে যাচ্ছে।

বিদ্যমান অবস্থার উন্নয়নে এ খাতে স্থানীয় ও বিদেশি বিনিয়োগ আকর্ষণ ও ঋণ সহায়তা প্রাপ্তির প্রক্রিয়া সহজীকরণ, অবকাঠামো উন্নয়ন ও আধুনিক প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ, মানবসম্পদের দক্ষতা উন্নয়ন এবং বিদ্যমান নীতিমালার যুগোপযোগীকরণে উপর তিনি জোরারোপ করেন।

অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় গ্রিন লাইফ সেন্টারের চিফ কনসালটেন্ট অধ্যাপক সৈয়দ আতিকুল হক, নর্থ সাউথ ইউনিভার্সিটির স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সেসের ডিন অধ্যাপক ডা. দীপক কুমার মিত্র, ইউনিভার্সাল মেডিকেল কলেজ ও হাসপাতালের চেয়ারম্যান প্রীতি চক্রবর্তী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ডা. শাফিউন নাহিন শিমুল, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ-এর সেক্রেটারি জেনারেল ডা. মো. জাকির হোসেন, আইসিডিডিআরবি’র সংক্রামক রোগ বিভাগের সিনিয়র সায়েন্টিস্ট ডা. মো. মোস্তাফিজুর রহমান, সেভ দ্য চিলড্রেন ইন্টারন্যাশনাল, বাংলাদেশ-এর ম্যানেজার (পলিসি অ্যাডভোকেসি) ডা. মুশারাত জাহান, ইউনিসেফ বাংলাদেশ-এর হেলথ সিস্টেমস স্পেশালিস্ট ডা. ফিদা মেহরান এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও), বাংলাদেশ-এর ন্যাশনাল প্রফেশনাল অফিসার (রোগী নিরাপত্তা ও রক্ত নিরাপত্তা) ডা. মুরাদ সুলতান অংশগ্রহণ করেন।

গ্রিন লাইফ সেন্টারের চিফ কনসালটেন্ট অধ্যাপক সৈয়দ আতিকুল হক বলেন, যেহেতু দেশের বেশিরভাগ মানুষই সরকারি খাতের হাসপাতালে চিকিৎসা সেবা নিয়ে থাকে, তাই সরকারি হাসপাতালগুলোতে সর্বোত্তম মান উন্নয়ন ও নিশ্চিতের কোনো বিকল্প নেই। এ খাতের সকল স্তরের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করেন।

প্রীতি চক্রবর্তী বলেন, দেশীয় স্বাস্থ্যখাতের বাজার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে এবং এ খাতের আস্থা ফিরাতে সরকারি-বেসরকারি খাত ও জনগণকে একযোগে কাজ করতে হবে, পাশাপাশি এ খাতে পিপিপি মডেলের ব্যবহার করার সুযোগ রয়েছে।

তিনি জানান, আমাদের চিকিৎসা শিক্ষায় অংশ নেওয়া বিদেশি শিক্ষার্থীরা প্রতিবছর ২ হাজার কোটি টাকা ব্যয় করেন, যদিও কাজিফত চিকিৎসা না পেয়ে অসংখ্য বাংলাদেশি অন্যান্য দেশে সেবা নিয়ে থাকেন, তাই বিষয়টি নিয়ে সচেতনভাবে চিন্তার প্রয়োজন রয়েছে।

অধ্যাপক ডা. শাফিউন নাহিন শিমুল বলেন, স্বাস্থ্য খাতের আস্থা বাড়াতে সেবা প্রদানকারীদের সাথে রোগীদের যোগাযোগ বৃদ্ধি, স্বাস্থ্য বিষয়ক নেতিবাচক সংবাদ পরিহার এবং সর্বোপরি প্রাথমিক স্বাস্থ্য সেবার উপর জোরারোপ করা প্রয়োজন।

ডা. মো. জাকির হোসেন বলেন, প্রয়োজনীয় নীতি সহায়তার কারণে বাংলাদেশের ৯৭ শতাংশ ওষুধ স্থানীয় ভাবে উৎপাদিত হচ্ছে এবং ১৬০টি দেশে রপ্তানি হচ্ছে, তার মানে হলো আমাদের উৎপাদিত ওষুধের উপর আস্থা রয়েছে, তবে বাংলাদেশের স্বাস্থ্য নীতি ২০১১ সালে হলেও গত ১৪ বছরেও তা যুগোপযোগী করা এবং সার্বিকভাবে স্বাস্থ্যখাতের কোনো সমন্বিত নীতিমালা নেই। তাই এ খাতের জন্য দীর্ঘমেয়াদি টেকসই নীতিমালার পাশাপাশি সরকারি-বেসরকারিখাতের সমন্বয় একান্ত অপরিহার্য, সেই সাথে স্বাস্থ্যখাতের অর্থায়ন স্ট্র্যাটেজি একান্ত অপরিহার্য বলে তিনি মত প্রকাশ করেন।

ডা. মো. মোস্তাফিজুর রহমান জানান, আইসিডিডিআরবি থেকে প্রতিবছর প্রায় তিন লাখ রোগী ডায়রিয়া সেবা নিচ্ছে, বাংলাদেশের স্বাস্থ্য সেবা উন্নয়নের জন্য আইসিডিডিআরবির মডেলে অন্যান্য জায়গায় অনুসরণ করা যেতে পারে।

তিনি আরও বলেন, গত অক্টোবর থেকে তার প্রতিষ্ঠানে ক্যান্সার ডায়াগনস্টিক জেনেমিক্স নিয়ে কাজ করছে। ডেজু ভ্যাকসিন নিয়ে ইতোমধ্যে গবেষণা কার্যক্রম সম্পন্ন করেছে এবং আগামী ২ বছরের মধ্যে এ রোগের ভ্যাকসিন পাওয়া যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

ডা. ফিদা মেহরান সামগ্রিকভাবে স্বাস্থ্য খাতের উন্নয়নে সরকারি-বেসরকারি খাতের সমন্বয়ের কোনো বিকল্প নেই বলে অভিমত জ্ঞাপন করেন।

ডা. মুরাদ সুলতান বলেন, সর্বপ্রথম দেশীয় স্বাস্থ্য সেবায় আস্থা আনা জরুরি, সেই সাথে বিদ্যমান স্বাস্থ্য সেবা প্রদানের প্রক্রিয়া সংশোধনের কোনো বিকল্প নেই। পাশাপাশি যথাযথ নীতিমালার কার্যকর প্রয়োগ একান্ত অপরিহার্য বলে তিনি অভিমত জ্ঞাপন করেন।

মুক্ত আলোচনায় ডিসিসিআই উর্ধ্বতন সহ-সভাপতি হায়দার আহমদ খান, সাবেক পরিচালক আলহাজ মোহাম্মদ সারফুদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. বিল্লাল হোসেন এবং মেগাহেলথ কোয়ারের স্বত্বাধিকারী ইশতিয়াক আহমেদ বক্তব্য রাখেন।

ডিসিসিআই সহ-সভাপতি মো. সালিম সোলায়মানসহ পরিচালনা পর্ষদের সদস্যবৃন্দ এবং সরকারি-বেসরকারিখাতের প্রতিনিধিগণ এ সময় উপস্থিত ছিলেন।

## Enhancing coordination between public, private sectors essential: Speakers



Photo: DCCI

DHAKA, Dec 13, 2025 (BSS) – Speakers at a seminar here today said that enhancing coordination between the public and private sectors alongside greater public engagement is essential for the health sector’s overall improvement.

Speakers made the observation at a seminar on “Strengthening Confidence in the Healthcare System in Bangladesh: A Strategy for Quality Assurance” organized by the Dhaka Chamber of Commerce & Industry (DCCI) held at the DCCI Auditorium in the capital today. National Prof. A K Azad Khan, President, Diabetic Association of Bangladesh, spoke as the chief guest.

The speakers also noted Bangladesh’s healthcare sector is yet to achieve the desired level of development due to only 1% of GDP allocation, inadequate infrastructure, lagging adoption of new technologies, shortage of skilled human resources, high cost of healthcare services, management inefficiencies and weak monitoring of existing policies in this sector.

National Prof. A K Azad Khan acknowledged that there have been notable achievements in Bangladesh’s healthcare sector but desired quality is yet to achieve. To attain the desired development, he called for stronger government involvement.

Azad observed that healthcare quality in Bangladesh lags behind developed countries and even neighboring countries. Though establishing universal health care may not be feasible at present, he stressed on implementing primary healthcare. “Along with the overall management development, decentralization is also crucial for the betterment of the health sector,” he added.

He also highlighted the expansion of digital healthcare to improve rural access, the modernization of medical education curricula and creating a conducive environment for medical research.

In his welcome remarks, DCCI President Taskeen Ahmed said that structural gaps persist in ensuring quality and patient-friendly healthcare services in the country.

He highlighted disparities in service quality between the public and private sector owned hospitals, shortages of skilled manpower, the widespread increase in unauthorized clinics and pharmacies, weak regulatory oversight, limited use of modern technologies and most importantly lack of effective implementation of existing laws continue to erode public health security and trust, said a DCCI press release.

Taskeen noted that due to the absence of an effective health insurance mechanism, individuals have to bear nearly 74% of total healthcare expenditure on their own, posing serious financial risks for low- and middle-income groups.

To ensure a sustainable healthcare system, he stressed the need for foreign investment, strengthened public-private partnerships, adoption of modern medical technologies, development of skilled professionals in nursing, laboratory sciences and health management, effective policy implementation and efficient management. He also emphasized establishing a strong health regulatory framework to ensure a health-friendly environment for people at all levels.

In his keynote speech Malik Talha Ismail Bari, Managing Director & CEO, United Hospital Limited and Former Senior Vice President, DCCI stated that the government’s per capita annual health expenditure is Taka 1,070, and according to the World Health Organization, nearly 49% of the population is deprived of quality healthcare services.

He added that while the sector’s current market size is approximately US\$14 billion, it is projected to reach US\$23 billion by 2033. He identified low budget allocation and inefficient management, urban–rural disparities in healthcare access, gaps in service quality and public trust, shortages of skilled health professionals, rising healthcare costs, inadequate infrastructure and weak regulatory systems as the major challenges facing the sector.

He further noted that a significant portion of the population seeks medical treatment abroad for better healthcare, resulting in an annual outflow of nearly US\$5 billion.

To improve the current situation, he emphasized the need to attract both local and foreign investment, simplify access to financing, strengthen infrastructure, ensure the adoption of modern technologies, enhance human resource capacity, and update existing policies to make them more responsive to current needs.

Professor Syed Atiqul Haq, Chief Consultant, Green Life Center for Rheumatic Care and Research, Priti Chakraborty, Chairman, Universal Medical College & Hospital, Dr. Shafiun Nahin Shimul, Professor and Director, Institute of Health Economics, University of Dhaka, Dr. Md. Zakir Hossain, Secretary General, Bangladesh Association of Pharmaceutical Industries, Dr. Md. Mustafizur Rahman, Senior Scientist, Infectious Diseases Division, icddr,b, Dr. Fida Mehran, Health Systems Specialist, UNICEF Bangladesh and Dr. Murad Sultan, National Professional Officer of Patient Safety and Blood Safety, World Health Organization (WHO) spoke, among others, at the seminar.

In the open floor discussion session, DCCI Senior Vice President Haider Ahmed Khan, former Director Alhaj Mohammad Sarfuddin, Professor Dr. Billal Hossain of the University of Dhaka, and Ishtiaq Ahmed, Proprietor of Mega Health Care, also spoke on the occasion.

DCCI Vice President Md. Salem Sulaiman, members of the Board of Directors, government and private sectors stakeholders were also present at the seminar.

## ‘দেশীয় স্বাস্থ্য সেবায় আস্থা বৃদ্ধিতে কাঠামোগত সংস্কারের বিকল্প নেই’



দেশীয় স্বাস্থ্য সেবায় আস্থা ফিরিয়ে আনতে কাঠামোগত সংস্কারের কোনো বিকল্প নেই বলে মন্তব্য করেছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদ। তিনি বলেন, ‘মানসম্মত ও রোগীবান্ধব স্বাস্থ্য সেবা নিশ্চিতে এখনও দেশে নানামুখী কাঠামোগত দুর্বলতা রয়ে গেছে, যা জনস্বাস্থ্য নিরাপত্তা ও আস্থাকে ক্ষতিগ্রস্ত করছে।’

আজ শনিবার (১৩ ডিসেম্বর) ডিসিসিআই আয়োজিত এক সেমিনারে স্বাগত বক্তব্যে তাসকীন আহমেদ এসব কথা বলেন।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে তাসকীন আহমেদ বলেন, ‘সরকারি ও বেসরকারি খাতে স্বাস্থ্য সেবার মানের বৈষম্য, প্রশিক্ষিত জনবলের অভাব, অনুমোদনহীন ক্লিনিক ও ফার্মেসির বিস্তার, ভুল ডায়াগনস্টিক রিপোর্ট, ভুয়া ওষুধ, দুর্বল তদারকি এবং বিদ্যমান আইনের কার্যকর প্রয়োগে ঘাটতি দেশের স্বাস্থ্য খাতকে ঝুঁকির মুখে ফেলছে।’

তিনি জানান, স্বাস্থ্য বিমা ব্যবস্থার কার্যকর প্রয়োগ না থাকায় মোট স্বাস্থ্য ব্যয়ের প্রায় ৭৪ শতাংশই জনগণের নিজ খরচে বহন করতে হচ্ছে, যা নিম্ন ও মধ্য আয়ের মানুষের জন্য বড় আর্থিক ঝুঁকি।

তিনি আরও বলেন, ‘একটি টেকসই স্বাস্থ্য ব্যবস্থা গড়ে তুলতে বিদেশি বিনিয়োগ আকর্ষণ, সরকারি-বেসরকারি অংশীদারিত্ব জোরদার, আধুনিক চিকিৎসা প্রযুক্তির ব্যবহার, নার্সিং ও ল্যাব সায়েন্সসহ স্বাস্থ্য ব্যবস্থাপনায় দক্ষ মানবসম্পদ তৈরি এবং শক্তিশালী হেলথ রেগুলেটরি ফ্রেমওয়ার্ক প্রতিষ্ঠা অপরিহার্য।’

ঢাকা চেম্বার আয়োজিত ‘বাংলাদেশের স্বাস্থ্য সেবা খাতে আস্থা বৃদ্ধি; মান নিয়ন্ত্রণে কৌশলগত কাঠামো নিশ্চিতকরণ’ শীর্ষক সেমিনারে বক্তারা বলেন, স্বাস্থ্য খাতে জিডিপির মাত্র ১ শতাংশ বরাদ্দ, অপ্রতুল অবকাঠামো, আধুনিক প্রযুক্তির সীমিত ব্যবহার, দক্ষ মানবসম্পদের ঘাটতি, সেবা গ্রহণে উচ্চ ব্যয় এবং নীতিমালার দুর্বল তদারকির কারণে কাঙ্ক্ষিত উন্নয়ন অর্জিত হয়নি। এসব চ্যালেঞ্জ মোকাবিলায় সরকারি-বেসরকারি খাতের সমন্বয় ও জনগণের সম্পৃক্ততা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে জাতীয় অধ্যাপক এ কে আজাদ খান বলেন, ‘বাংলাদেশের স্বাস্থ্য খাতে উল্লেখযোগ্য অগ্রগতি থাকলেও কাঙ্ক্ষিত মান এখনও অর্জিত হয়নি।’

তিনি আরও বলেন, ‘উন্নত দেশ তো দূরের কথা, অনেক ক্ষেত্রে পার্শ্ববর্তী দেশগুলোর তুলনায়ও বাংলাদেশ পিছিয়ে রয়েছে। ইউনিভার্সাল হেলথ কেয়ার নিশ্চিত করা কঠিন হলেও প্রাথমিক স্বাস্থ্য সেবার ওপর সর্বাধিক গুরুত্ব দিতে হবে। পাশাপাশি ব্যবস্থাপনার উন্নয়ন ও বিকেন্দ্রীকরণের কোনো বিকল্প নেই।’

এই জাতীয় অধ্যাপক বলেন, ‘ডিজিটাল হেলথ কেয়ার সম্প্রসারণের মাধ্যমে গ্রামীণ পর্যায়ে স্বাস্থ্য সেবা পৌঁছে দেওয়া সম্ভব। একই সঙ্গে চিকিৎসা শিক্ষাক্রম আধুনিকায়ন ও গবেষণা কার্যক্রম জোরদারের জন্য সহায়ক পরিবেশ তৈরি করতে হবে।’

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনাইটেড হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ও ডিসিসিআই-এর প্রাক্তন ঊর্ধ্বতন সহ-সভাপতি মালিক তালহা ইসমাইল বারী। তিনি জানান, বাংলাদেশে স্বাস্থ্য খাতে সরকারের জনপ্রতি বার্ষিক ব্যয় মাত্র ১০৭০ টাকা এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য অনুযায়ী প্রায় ৪৯ শতাংশ মানুষ মানসম্মত স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত। যদিও বর্তমানে দেশের স্বাস্থ্য খাতের বাজার প্রায় ১৪ বিলিয়ন মার্কিন ডলার, যা ২০৩৩ সালে ২৩ বিলিয়ন ডলারে উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে।

তিনি বলেন, ‘স্বল্প বাজেট, অদক্ষ ব্যবস্থাপনা, শহর-গ্রামের বৈষম্য, দক্ষ স্বাস্থ্যকর্মীর সংকট, বাড়তি চিকিৎসা ব্যয়, অপ্রতুল অবকাঠামো ও দুর্বল নিয়ন্ত্রক ব্যবস্থা এ খাতের প্রধান প্রতিবন্ধকতা। উন্নত চিকিৎসার জন্য প্রতিবছর প্রায় ৫ বিলিয়ন মার্কিন ডলার বিদেশে ব্যয় হচ্ছে।’

সেমিনারের আলোচনায় বিভিন্ন বিশেষজ্ঞ স্বাস্থ্য খাতে সরকারি হাসপাতালের মানোন্নয়ন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, পিপিপি মডেলের কার্যকর ব্যবহার, দীর্ঘমেয়াদি টেকসই নীতিমালা প্রণয়ন এবং স্বাস্থ্য খাতের অর্থায়ন কৌশল নির্ধারণের ওপর জোর দেন।

অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন গ্রিন লাইফ সেন্টারের চিফ কনসালটেন্ট অধ্যাপক সৈয়দ আতিকুল হক, নর্থ সাউথ ইউনিভার্সিটির অধ্যাপক ডা. দীপক কুমার মিত্র, ইউনিভার্সেল মেডিকেল কলেজ ও হাসপাতালের চেয়ারম্যান প্রীতি চক্রবর্তী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডা. শাফিউন নাহিন শিমুল, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজের সেক্রেটারি জেনারেল ডা. মো. জাকির হোসেন, আইসিডিডিআরবি, ইউনিসেফ ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিনিধিরা।

সেমিনারের মুক্ত আলোচনায় ডিসিসিআই নেতৃবৃন্দ, শিক্ষাবিদ ও বেসরকারি খাতের প্রতিনিধিরা অংশ নেন।

## সেমিনারে বক্তারা

# স্বাস্থ্যসেবায় আস্থা বাড়াতে কাঠামোগত সংস্কারের বিকল্প নেই



দেশের স্বাস্থ্যখাতে জিডিপি মাত্র এক শতাংশ বরাদ্দ রয়েছে। অপ্রতুল অবকাঠামো ও নতুন প্রযুক্তি ব্যবহারে পিছিয়ে থাকা, দক্ষ মানবম্পদের ঘাটতি, সেবা প্রাপ্তিতে উচ্চ ব্যয়, ব্যবস্থাপনার ঘাটতি ও বিদ্যমান নীতিমালার তদারকির অভাবের কারণে এ খাতে কাঙ্ক্ষিত উন্নয়ন হয়নি। এ খাতের সামগ্রিক উন্নয়নে সরকারি-বেসরকারি খাতের সমন্বয় বাড়ানোর পাশাপাশি জনগণের সম্পৃক্ততা বাড়াতে জোর দিতে হবে।

শনিবার (১৩ ডিসেম্বর) ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘বাংলাদেশের স্বাস্থ্যসেবা খাতে আস্থা বৃদ্ধি: মান নিয়ন্ত্রণে কৌশলগত কাঠামো নিশ্চিতকরণ’ শীর্ষক সেমিনারে বক্তারা এসব কথা বলেন। রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার অডিটোরিয়ামে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

সেমিনারে সভাপতিত্ব করেন ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ। প্রধান অতিথির বক্তব্য দেন বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি জাতীয় অধ্যাপক এ কে আজাদ খান। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনাইটেড হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ও ঢাকা চেম্বারের সাবেক উর্ধ্বতন সহ-সভাপতি মালিক তালহা ইসমাইল বারী।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, দেশে মানসম্মত ও রোগীবান্ধব সেবা নিশ্চিতে এখনো কাঠামোগত ঘাটতি রয়ে গেছে। বাংলাদেশে স্বাস্থ্য বিমা ব্যবস্থাপনার কার্যকর ব্যবহার না থাকায় স্বাস্থ্য ব্যয়ের প্রায় ৭৪ শতাংশ রোগীকে নিজের বহন করতে হয়, যা নিম্ন ও মধ্য আয়ের জনগোষ্ঠীর জন্য আর্থিকভাবে বড় ঝুঁকি। দেশে একটি টেকসই স্বাস্থ্যব্যবস্থা নিশ্চিতের লক্ষ্যে এ খাতে বিদেশি বিনিয়োগ, সরকারি-বেসরকারি অংশীদারত্ব জোরদার, আধুনিক চিকিৎসা প্রযুক্তি, নার্সিং, ল্যাব সায়েন্স ও স্বাস্থ্যব্যবস্থাপনায় দক্ষ জনবল উন্নয়ন, সঠিক নীতিমালা বাস্তবায়ন এবং দক্ষ ব্যবস্থাপনার সমন্বিত প্রয়োগ অপরিহার্য।

## ‘দেশীয় স্বাস্থ্য সেবায় আস্থা বৃদ্ধিতে কাঠামোগত সংস্কারের বিকল্প নেই’



দেশীয় স্বাস্থ্য সেবায় আস্থা ফিরিয়ে আনতে কাঠামোগত সংস্কারের কোনো বিকল্প নেই বলে মন্তব্য করেছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি তাসকীন আহমেদ।

তিনি বলেন, “মানসম্মত ও রোগীবান্ধব স্বাস্থ্য সেবা নিশ্চিতে এখনো দেশে নানামুখী কাঠামোগত দুর্বলতা রয়ে গেছে, যা জনস্বাস্থ্য নিরাপত্তা ও আস্থাকে ক্ষতিগ্রস্ত করছে।”

শনিবার (১৩ ডিসেম্বর) ডিসিসিআই আয়োজিত এক সেমিনারে স্বাগত বক্তব্যে তাসকীন আহমেদ এসব কথা বলেন।

তিনি বলেন, “সরকারি ও বেসরকারি খাতে স্বাস্থ্য সেবার মানের বৈষম্য, প্রশিক্ষিত জনবলের অভাব, অনুমোদনহীন ক্লিনিক ও ফার্মেসির বিস্তার, ভুল ডায়াগনস্টিক রিপোর্ট, ভুয়া ওষুধ, দুর্বল তদারকি এবং বিদ্যমান আইনের কার্যকর প্রয়োগে ঘাটতি দেশের স্বাস্থ্য খাতকে ঝুঁকির মুখে ফেলছে।”

তিনি জানান, স্বাস্থ্য বিমা ব্যবস্থার কার্যকর প্রয়োগ না থাকায় মোট স্বাস্থ্য ব্যয়ের প্রায় ৭৪ শতাংশই জনগণের নিজ খরচে বহন করতে হচ্ছে, যা নিম্ন ও মধ্য আয়ের মানুষের জন্য বড় আর্থিক ঝুঁকি।

তিনি আরো বলেন, “একটি টেকসই স্বাস্থ্য ব্যবস্থা গড়ে তুলতে বিদেশি বিনিয়োগ আকর্ষণ, সরকারি-বেসরকারি অংশীদারিত্ব জোরদার, আধুনিক চিকিৎসা প্রযুক্তির ব্যবহার, নার্সিং ও ল্যাব সায়েন্সসহ স্বাস্থ্য ব্যবস্থাপনায় দক্ষ মানবসম্পদ তৈরি এবং শক্তিশালী হেলথ রেগুলেটরি ফ্রেমওয়ার্ক প্রতিষ্ঠা অপরিহার্য।”

ঢাকা চেম্বার আয়োজিত ‘বাংলাদেশের স্বাস্থ্য সেবা খাতে আস্থা বৃদ্ধি; মান নিয়ন্ত্রণে কৌশলগত কাঠামো নিশ্চিতকরণ’ শীর্ষক সেমিনারে বক্তারা বলেন, স্বাস্থ্য খাতে জিডিপির মাত্র ১ শতাংশ বরাদ্দ, অপ্রতুল অবকাঠামো, আধুনিক প্রযুক্তির সীমিত ব্যবহার, দক্ষ মানবসম্পদের ঘাটতি, সেবা গ্রহণে উচ্চ ব্যয় এবং নীতিমালার দুর্বল তদারকির কারণে কাজক্ষিত উন্নয়ন অর্জিত হয়নি। এসব চ্যালেঞ্জ মোকাবিলায় সরকারি-বেসরকারি খাতের সমন্বয় ও জনগণের সম্পৃক্ততা বাড়ানোর ওপর গুরুত্বারোপ করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে জাতীয় অধ্যাপক এ কে আজাদ খান বলেন, “বাংলাদেশের স্বাস্থ্য খাতে উল্লেখযোগ্য অগ্রগতি থাকলেও কাজক্ষিত মান এখনও অর্জিত হয়নি।”

তিনি আরো বলেন, “উন্নত দেশ তো দূরের কথা, অনেক ক্ষেত্রে পার্শ্ববর্তী দেশগুলোর তুলনায়ও বাংলাদেশ পিছিয়ে রয়েছে। ইউনিভার্সাল হেলথ কেয়ার নিশ্চিত করা কঠিন হলেও প্রাথমিক স্বাস্থ্য সেবার ওপর সর্বাধিক গুরুত্ব দিতে হবে। পাশাপাশি ব্যবস্থাপনার উন্নয়ন ও বিকেন্দ্রীকরণের কোনো বিকল্প নেই।”

এই জাতীয় অধ্যাপক বলেন, “ডিজিটাল হেলথ কেয়ার সম্প্রসারণের মাধ্যমে গ্রামীণ পর্যায়ে স্বাস্থ্য সেবা পৌঁছে দেওয়া সম্ভব। একই সঙ্গে চিকিৎসা শিক্ষাক্রম আধুনিকায়ন ও গবেষণা কার্যক্রম জোরদারের জন্য সহায়ক পরিবেশ তৈরি করতে হবে।”

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনাইটেড হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ও ডিসিসিআই-এর প্রাক্তন উর্ধ্বতন সহ সভাপতি মালিক তালহা ইসমাইল বারী।

তিনি জানান, বাংলাদেশে স্বাস্থ্য খাতে সরকারের জনপ্রতি বার্ষিক ব্যয় মাত্র ১০৭০ টাকা এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য অনুযায়ী প্রায় ৪৯ শতাংশ মানুষ মানসম্মত স্বাস্থ্য সেবা থেকে বঞ্চিত। যদিও বর্তমানে দেশের স্বাস্থ্য খাতের বাজার প্রায় ১৪ বিলিয়ন মার্কিন ডলার, যা ২০৩৩ সালে ২৩ বিলিয়ন ডলারে উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে।

তিনি বলেন, “স্বল্প বাজেট, অদক্ষ ব্যবস্থাপনা, শহর-গ্রামের বৈষম্য, দক্ষ স্বাস্থ্যকর্মীর সংকট, বাড়তি চিকিৎসা ব্যয়, অপ্রতুল অবকাঠামো ও দুর্বল নিয়ন্ত্রক ব্যবস্থা এ খাতের প্রধান প্রতিবন্ধকতা। উন্নত চিকিৎসার জন্য প্রতিবছর প্রায় ৫ বিলিয়ন মার্কিন ডলার বিদেশে ব্যয় হচ্ছে।”

সেমিনারের আলোচনায় বিভিন্ন বিশেষজ্ঞ স্বাস্থ্য খাতে সরকারি হাসপাতালের মানোন্নয়ন, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ, পিপিপি মডেলের কার্যকর ব্যবহার, দীর্ঘমেয়াদি টেকসই নীতিমালা প্রণয়ন এবং স্বাস্থ্য খাতের অর্থায়ন কৌশল নির্ধারণের ওপর জোর দেন।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন গ্রিন লাইফ সেন্টারের চিফ কনসালটেন্ট অধ্যাপক সৈয়দ আতিকুল হক, নর্থ সাউথ ইউনিভার্সিটির অধ্যাপক ডা. দীপক কুমার মিত্র, ইউনিভার্সেল মেডিকেল কলেজ ও হাসপাতালের চেয়ারম্যান প্রীতি চক্রবর্তী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ডা. শাফিউন নাহিন শিমুল, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজের সেক্রেটারি জেনারেল ডা. মো. জাকির হোসেন, আইসিডিডিআরবি, ইউনিসেফ ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার প্রতিনিধিরা।

সেমিনারের মুক্ত আলোচনায় ডিসিসিআই নেতা, শিক্ষাবিদ ও বেসরকারি খাতের প্রতিনিধিরা অংশ নেন।

## ডিসিসিআইয়ের সেমিনারে বক্তারা

# চিকিৎসাব্যয়ে প্রতি বছর বিদেশে যাচ্ছে পাঁচ বিলিয়ন ডলার

### নিজস্ব প্রতিবেদক

চিকিৎসাব্যয়ে প্রতি বছর প্রায় পাঁচ বিলিয়ন ডলার দেশের বাইরে চলে যাচ্ছে। দেশের চিকিৎসাব্যবস্থায় আস্তার অভাব, সঠিক রোগ নির্ণয় না হওয়া ও অনুন্নত সেবা ব্যবস্থাপনার কারণে এমনটি হচ্ছে। এর বাইরে স্বাস্থ্য খাতে জিডিপির মাত্র এক শতাংশেরও কম বরাদ্দ অন্যতম কারণ। তাই স্বাস্থ্য খাতে সরকারি ব্যয় যেমন বাড়তে হবে, তেমনি উন্নত চিকিৎসার জন্য বেসরকারি খাতেও বিনিয়োগ আরও বাড়ানো দরকার। চিকিৎসায় আরও উন্নত যন্ত্র ও উন্নত প্রযুক্তির ব্যবহার ঘটাতে হবে।

গতকাল শনিবার ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) আয়োজিত ‘বাংলাদেশের স্বাস্থ্যসেবা খাতে আস্থা বৃদ্ধি; মান নিয়ন্ত্রণে কৌশলগত কাঠামো নিশ্চিতকরণ’ শীর্ষক সেমিনারে মূল প্রবন্ধে এসব কথা বলা হয়। রাজধানীর মতিঝিলে ঢাকা চেম্বার অডিটোরিয়ামে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদের সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ ডায়াবেটিক সমিতির সভাপতি জাতীয় অধ্যাপক এ কে আজাদ খান। এতে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ইউনাইটেড হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ও ঢাকা চেম্বারের সাবেক উর্ধ্বতন সহ-সভাপতি মালিক তালহা ইসমাইল বারী।

প্রধান অতিথি জাতীয় অধ্যাপক এ কে আজাদ খান তার বক্তব্যে বলেন, আমাদের স্বাস্থ্যসেবায় বেশ অর্জন রয়েছে, তবে সামগ্রিকভাবে কাঙ্ক্ষিত মান নিশ্চিতের করা যায়নি, এক্ষেত্রে সরকারকে এগিয়ে আসতে হবে। দেশের স্বাস্থ্যসেবার মান উন্নত দেশগুলোর মতো নয়, এমনকি পার্শ্ববর্তী দেশগুলোর চেয়ে আমরা পিছিয়ে রয়েছি। বাংলাদেশের পক্ষে ইউনিভার্সেল স্বাস্থ্যসেবা নিশ্চিত করা সম্ভব নয়, তবে আমাদের প্রাইমারি হেলথ কেয়ারের ওপর বেশি হারে জোর দিতে হবে। এ খাতের ব্যবস্থাপনায় উন্নয়নের পাশাপাশি বিকেন্দ্রীকরণের কোনো বিকল্প নেই বলেও মন্তব্য করেন তিনি।

তিনি বলেন, ডিজিটাল হেলথ কেয়ার কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে গ্রামীণ পর্যায়ে স্বাস্থ্যসেবার সম্প্রসারণ করা সম্ভব। সেই চিকিৎসা শিক্ষাক্রম আধুনিকায়নের পাশাপাশি এ খাতে গবেষণা

আমাদের স্বাস্থ্যসেবায় বেশ  
অর্জন রয়েছে, তবে  
সামগ্রিকভাবে কাঙ্ক্ষিত মান  
নিশ্চিত করা যায়নি, এক্ষেত্রে  
সরকারকে এগিয়ে আসতে  
হবে। দেশের স্বাস্থ্যসেবার মান  
উন্নত দেশগুলোর মতো নয়,  
এমনকি পার্শ্ববর্তী দেশগুলোর  
চেয়ে আমরা পিছিয়ে রয়েছি

কার্যক্রম বাড়ানোর জন্য প্রয়োজনীয় পরিবেশে নিশ্চিত করার ওপর তিনি জোরারোপ করেন। স্বাগত বক্তব্যে ঢাকা চেম্বারের সভাপতি তাসকীন আহমেদ বলেন, দেশে মানসম্মত ও রোগীবান্ধব সেবা নিশ্চিতে এখনও কাঠামোগত ঘাটতি রয়ে গেছে। এছাড়া স্বাস্থ্য খাতে জিডিপির মাত্র এক শতাংশ বরাদ্দ, সরকারি-বেসরকারি খাতে স্বাস্থ্যসেবা মানের অসমতা, মানবসম্পদের ঘাটতি, অনুমোদনহীন ক্লিনিক ও ফার্মেসির সম্প্রসারণ, ভুল ডায়াগনস্টিক রিপোর্ট, ভুয়া ওষুধ ও তদারকি দুর্বলতা, আধুনিক প্রযুক্তি ব্যবহারে সীমাবদ্ধতা এবং সর্বোপরি বিদ্যমান আইনে বাস্তবায়নে উদাসীনতা জনস্বাস্থ্য নিরাপত্তা ও আস্থাকে ক্রমাগত ক্ষতিগ্রস্ত করছে।

তিনি বলেন, বাংলাদেশে স্বাস্থ্য বিমা ব্যবস্থাপনার কার্যকর ব্যবহার না থাকার কারণে মোট স্বাস্থ্যব্যয়ের প্রায় ৭৪ শতাংশ ব্যক্তিকে নিজস্ব ব্যয়ে বহন করতে হয়, যা নিম্ন ও মধ্য আয়ের জনগোষ্ঠীর জন্য আর্থিকভাবে বড় ঝুঁকিতে পড়ে থাকেন। এমন অবস্থায় দেশে একটি টেকসই স্বাস্থ্যব্যবস্থা নিশ্চিতের লক্ষ্যে সামগ্রিকভাবে এ খাতে বিদেশি বিনিয়োগ, সরকারি-বেসরকারি অংশীদারিত্ব জোরদার, আধুনিক চিকিৎসা প্রযুক্তি, নার্সিং, ল্যাব সায়েন্স ও স্বাস্থ্য ব্যবস্থাপনায় দক্ষ জনবল উন্নয়ন, সঠিক নীতিমালা বাস্তবায়ন এবং দক্ষ ব্যবস্থাপনার সমন্বিত প্রয়োগ অপরিহার্য।

গ্রিন লাইফ সেন্টার চিফ কনসালটেন্ট অধ্যাপক

সৈয়দ আতিকুল হক বলেন, যেহেতু দেশের বেশিরভাগ লোকই সরকারি খাতের হাসপাতালে চিকিৎসা সেবা নিয়ে থাকে, তাই সরকারি হাসপাতালগুলোতে সর্বোত্তম মান উন্নয়ন ও নিশ্চিতের কোনো বিকল্প নেই। এ খাতের সব স্তরের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা প্রয়োজন বলে তিনি মত প্রকাশ করেন।

প্রীতি চক্রবর্তী বলেন, দেশীয় স্বাস্থ্য খাতের বাজার ক্রমাগত বৃদ্ধি পাচ্ছে এবং এ খাতের আস্থা ফিরাতে সরকারি-বেসরকারি খাত ও জনগণকে একযোগে কাজ করতে হবে, পাশাপাশি এ খাতে পিপিপি মডেলের ব্যবহার করার সুযোগ রয়েছে। তিনি জানান, আমাদের চিকিৎসা শিক্ষায় অংশ নেয়া বিদেশি শিক্ষার্থীরা প্রতিবছর দুই হাজার কোটি টাকা ব্যয় করেন, যদিও কাঙ্ক্ষিত চিকিৎসা প্রাপ্তি অসংখ্য বাংলাদেশি অন্যান্য দেশে সেবা নিয়ে থাকেন, তাই বিষয়টি নিয়ে সচেতনভাবে চিন্তার প্রয়োজন রয়েছে।

অধ্যাপক ডা. শাফিউন নাহিন শিমুল বলেন, স্বাস্থ্য খাতের আস্থা বাড়াতে সেবা প্রদানকারীদের সঙ্গে রোগীদের যোগাযোগ বৃদ্ধি, স্বাস্থ্যবিষয়ক নেতিবাচক সংবাদ পরিহার এবং সর্বোপরি প্রাথমিক স্বাস্থ্য সেবার উপর জোরারোপ করা প্রয়োজন।

ডা. মো. জাকির হোসেন বলেন, প্রয়োজনীয় নীতি সহায়তার কারণে বাংলাদেশের ৯৭ শতাংশ ওষুধ স্থানীয়ভাবে উৎপাদিত হচ্ছে এবং ১৬০টি দেশে রপ্তানি হচ্ছে, তার মানে হলো আমাদের উৎপাদিত ওষুধের ওপর আস্থা রয়েছে, তবে বাংলাদেশের স্বাস্থ্য নীতি ২০১১ সালে হলেও গত ১৪ বছরেও তা যুগোপযোগী করা এবং সার্বিকভাবে স্বাস্থ্য খাতের কোনো সমন্বিত নীতিমালা নেই।

অনুষ্ঠানের নির্ধারিত আলোচনায় গ্রিন লাইফ সেন্টারের চিফ কনসালটেন্ট অধ্যাপক সৈয়দ আতিকুল হক, নর্থ সাউথ ইউনিভার্সিটির স্কুল অব হেলথ অ্যান্ড লাইফ সায়েন্সেসের ডিন অধ্যাপক ডা. দীপক কুমার মিত্র, ইউনিভার্সেল মেডিকেল কলেজ ও হাসপাতালের চেয়ারম্যান প্রীতি চক্রবর্তী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের স্বাস্থ্য অর্থনীতি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ডা. শাফিউন নাহিন শিমুল, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজের সেক্রেটারি

জেনারেল ডা. মো. জাকির হোসেন, আইসিডিডিআরবির সংক্রামক রোগ বিভাগের সিনিয়র সায়েন্টিস্ট ডা. মো. মোস্তাফিজুর রহমান, সেভ দ্য চিলড্রেন ইন্টারন্যাশনাল, বাংলাদেশ-এর ম্যানেজার (পলিসি অ্যাডভোকেসি) ডা. মুশারাত জাহান, ইউনিসেফ বাংলাদেশের হেলথ সিস্টেমস স্পেশালিস্ট ডা. ফিদা মেহরান এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও), বাংলাদেশ-এর ন্যাশনাল প্রফেশনাল অফিসার (রোগী নিরাপত্তা ও রক্ত নিরাপত্তা) ডা. মুরাদ সুলতান অংশগ্রহণ করেন।